দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ২০ মে ২০২৬ ॥ ০২ জিলহজ্জ ১৪৪৭ ॥ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৫৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর যখন ফেরেশতা বলল হে মারইয়াম!, আল্লাহ তোমাকে পছন্দ করেছেন এবং তোমাকে পবিত্র পরিচ্ছন্ন করে দিয়েছেন। আর তোমাকে বিশ্ব নারী সমাজের উর্ধ্বে মনোনীত করেছেন।

সূরা আল ইমরান ৪২

## সমাজের প্রতিটি স্তরের অসমতা দূর করা রাষ্ট্রের দায়িত্ব : স্পিকার

**কীর্তনখোলা ডেস্ক**

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেছেন, সমাজের প্রতিটি স্তরের অসমতা ২ এর পাতায় দেখুন

## বাজেটে শ্রমিক বৈষম্যের অবসান চাই : অধ্যাপক মুজিবুর রহমান

**কীর্তনখোলা ডেস্ক**

বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ও সংসদ সদস্য অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, বাংলাদেশের বাজেটে সর্বদা ২ এর পাতায় দেখুন

## সীমান্তে হত্যা চলতে থাকলে স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ করা উচিত

**কীর্তনখোলা ডেস্ক**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপির) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, সীমান্তে হত্যা চলতে থাকলে স্বরাষ্ট্রমন্ত্রীর ২ এর পাতায় দেখুন

## চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সব ধরনের ছুটি বাতিল

**কীর্তনখোলা ডেস্ক**

স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন সব স্বাস্থ্য প্রতিষ্ঠানের চিকিৎসক, কর্মকর্তা-কর্মচারী ও স্বাস্থ্যকর্মীদের সব ধরনের ছুটি ২ এর পাতায় দেখুন

# বরিশালে হাম ও হাম উপসর্গে ৩৭ শিশুর মৃত্যু, আক্রান্ত প্রায় ৬ হাজার

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে হামের উপসর্গ নিয়ে সোমবার রাতে আরও দুই শিশুর মৃত্যু হয়েছে। এ বছর এখন পর্যন্ত বরিশাল বিভাগে হাম শনাক্ত ও উপসর্গ নিয়ে ৩৭ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে হাম শনাক্ত হয় ৩ শিশুর এবং বাকি ৩৪ শিশু হামের উপসর্গ নিয়ে মারা যায়। সোমবার রাতে মারা যাওয়া দুই শিশু হলো পটুয়াখালীর দুমকী উপজেলার দুর্গাপুর এলাকার সোহাগ খানের ছেলে জিহাদ (২) এবং ভোলার চরফ্যাশনের উত্তর চর আইচা গ্রামের মো. হাসানের মেয়ে হাবিবা (৭ মাস)। শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মশিউল মুনীর বলেন, শিশু দুটি হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়। পরে মারাত্মক ধরনের নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে তাদের মৃত্যু হয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, এ পর্যন্ত হামের উপসর্গ নিয়ে এই হাসপাতালে ২ হাজার ২৮৬ শিশু ভর্তি হয়েছে। সোমবার সকাল আটটা থেকে গতকাল মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় এই হাসপাতালে হামের উপসর্গ নিয়ে ভর্তি হয়েছে ৫২ শিশু। এর মধ্যে বর্তমানে চিকিৎসাধীন ১৯৮ শিশু। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় সূত্র জানায়, বরিশাল বিভাগের সরকারি হাসপাতালে হামের উপসর্গ ও শনাক্ত হয়ে মঙ্গলবার পর্যন্ত ৩৭ শিশুর মৃত্যু হয়েছে। এ ছাড়া গত ২৪ ঘণ্টায় বরিশাল বিভাগে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে এসেছে ১৪৭ শিশু। বরিশাল বিভাগে এখন পর্যন্ত সন্দেহভাজন হামের রোগীর সংখ্যা ৫ হাজার ৯৫০। এর মধ্যে হাম শনাক্ত হয়েছে ১৭৫ শিশুর। জেলাভিত্তিক তথ্য অনুযায়ী, পটুয়াখালীতে সবচেয়ে বেশি রোগী হাসপাতালে এসেছে। এই ২ এর পাতায় দেখুন

### সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম

## বগা নদীতে ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর কাজ আগামী বছর শুরু হবে

**মাঈনুদ্দিন জিপু, বাউফল**

দক্ষিণাঞ্চলের মানুষের বহুদিনের প্রত্যাশার ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (বগা সেতু) নির্মাণের কার্যক্রম এগিয়ে চলছে। পটুয়াখালীর লেবুখালী-বাউফল-গলাচিপা-আমড়াগাছিয়া সড়কের বগা নদীর ওপর নির্মিতব্য এই সেতু বাস্তবায়িত হলে উপকূলীয় অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা, কৃষি ও মৎস্য অর্থনীতিতে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। মঙ্গলবার (১৯ মে) দুপুর ১টার দিকে বগা ফেরীঘাট পরিদর্শন শেষে দুমকি উপজেলার চরগরবদি এলাকায় এক সংক্ষিপ্ত জনসভায় বক্তব্য রাখেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। এ সময় তিনি বলেন, দক্ষিণাঞ্চলের মানুষের দীর্ঘদিনের ভোগান্তি দূর করতে সরকার আন্তরিকভাবে কাজ করছে। ২ এর পাতায় দেখুন

## দুই পক্ষের ধাক্কাধাক্কিতে মঞ্চে উঠতে পারলেন না সেতুমন্ত্রী

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফলের বগা এলাকায় যোগাযোগ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলমের সফর ঘিরে দু'পক্ষের ধাক্কাধাক্কির ঘটনা ঘটেছে। এসময় পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে নির্ধারিত মঞ্চে উঠে বক্তব্যও দিতে পারেননি মন্ত্রী। মঙ্গলবার (১৯ মে) লোহালিয়া নদীতে সম্ভাব্য সেতু নির্মাণস্থল পরিদর্শনে এসে রাজনৈতিক এমন উত্তেজনার মুখে পড়েন তিনি। জানা গেছে, মন্ত্রীর আগমনকে কেন্দ্র করে বগা ও দুমকি প্রান্তে পৃথক দুটি মঞ্চ নির্মাণ করা হয়। বগা প্রান্তের মঞ্চের ২ এর পাতায় দেখুন

## যেসব অধ্যাদেশ পাস হয়নি সেগুলো পর্যালোচনা করছে সরকার: চিফ হুইপ

**কীর্তনখোলা ডেস্ক**

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে পাস না হওয়া অধ্যাদেশগুলো পর্যালোচনার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন চিফ হুইপ নুরুল ইসলাম মনি। মঙ্গলবার (১৯ মে) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। নুরুল ইসলাম মনি বলেন, বাজেট অধিবেশন, নারী সংসদ সদস্যদের যোগদানসহ বিভিন্ন বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। আগামী রোববার সংসদের সাউন্ড ২ এর পাতায় দেখুন

গড়িয়ার পাড় বাস টার্মিনালের স্থান পরিদর্শন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

## শ্রেণিকক্ষেই চলছে শিক্ষিকার সংসার

**কলাপাড়া প্রতিনিধি**

কুয়াকাটায় ফাসিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি শ্রেণিকক্ষেই বসবাস করছেন বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা শিউলীকা পারভিন। এমনকি তার স্বামী ওই বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক আবদুর রব সিদ্দিকীকেও নিয়ে এসে একসঙ্গে বসবাস করছেন তিনি। শিক্ষার্থীদের বেঞ্চসহ নানা উপকরণ ব্যবহার করে কক্ষটি বসবাস উপযোগী করে তুলেছেন তারা। এছাড়া পাঠদান চলাকালীন সময়ে রান্না থেকে শুরু করে পরিবারের বিভিন্ন গৃহস্থালি কাজও করা হচ্ছে ওই শ্রেণিকক্ষেই। পরিচয় গোপন রাখার অনুরোধ জানিয়ে বিদ্যালয়ের একাধিক শিক্ষার্থীর অভিযোগ, ক্লাস চলাকালীন সময়ে ভাত-তরকারি রান্না করা হয়। অনেক সময়ই তরকারি রান্নার ঝাঁজ বাতাসে মিসে সরাসরি শিক্ষার্থীরা আক্রান্ত হয়। এসময় একযোগে অনেক শিশুরা হাঁচি কাশি দিতে শুরু করে। দীর্ঘ ৬ মাসেরও বেশি সময় ধরে চলা এমন ২ এর পাতায় দেখুন

### অনুপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারী

## বরিশাল বিআইডব্লিউটিএ দপ্তরে প্রতিমন্ত্রীর ঝটিকা অভিযান

**কীর্তনখোলা রিপোর্ট**

ঘড়ির কাঁটায় তখন ঠিক সকাল ৯টা। সরকারি নিয়মে অফিসে উপস্থিত হয়ে জনসাধারণের সেবা দেওয়ার মোক্ষম সময়। কিন্তু বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) বরিশাল দপ্তরে গিয়ে দেখা গেল সম্পূর্ণ উল্টো চিত্র, সব কর্মকর্তার চেয়ারই ফাঁকা! কোনো পূর্বঘোষণা ছাড়াই সেখানে আকস্মিক পরিদর্শনে গিয়ে এমন দায়িত্বহীনতা দেখে চরম ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করেছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসান। মঙ্গলবার (১৯ মে) সকালে বরিশালের বিআইডব্লিউটিএ কার্যালয়ে এই চাঞ্চল্যকর ঝটিকা অভিযানের ২ এর পাতায় দেখুন

## হাম ও হামের উপসর্গে আরও ১১ শিশুর মৃত্যু

**কীর্তনখোলা ডেস্ক**

দেশে হাম ও হাম রোগের উপসর্গ নিয়ে আরও ১১ শিশুর মৃত্যু হয়েছে। তাদের মধ্যে দুজন নিশ্চিত হামে মারা গেছে। বাকিদের মৃত্যু হয়েছে হামের উপসর্গে। মঙ্গলবার (১৯ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। সোমবার (১৮ মে) সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে প্রতিবেদনটি তৈরি করা হয়। স্বাস্থ্য ২ এর পাতায় দেখুন

## বাজেটে সহজ জীবনমানকে প্রাধান্য দিতে হবে: চরমোনাই পীর

**কীর্তনখোলা ডেস্ক**

২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে দারিদ্র্য দূরীকরণ, কর্মসংস্থান সৃষ্টি এবং সাধারণ মানুষের জীবনমান সহজিকরণকে সর্বোচ্চ প্রাধান্য দেওয়ার আহ্বান জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম (চরমোনাই পীর)। ২ এর পাতায় দেখুন

## বরিশালে তিন দিনব্যাপী ভূমিসেবার উদ্বোধন

**কীর্তনখোলা রিপোর্ট**

'জনবান্ধব অটোমেটেড ভূমি ব্যবস্থাপনা, সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ" প্রতিপাদ্যে সারাদেশের ন্যায় বরিশালেও তিন দিনব্যাপী ভূমিসেবা মেলা শুরু হয়েছে। মঙ্গলবার (১৯ মে) দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের মহাফেজখানা চত্বরে বিভাগীয় কমিশনার খলিল আহমেদ এ মেলার উদ্বোধন করেন। ভূমিসেবা মেলার উদ্বোধন করে বিভাগীয় কমিশনার বলেন, ভূমি সংক্রান্ত সেবা সহজ, স্বচ্ছ ও হয়রানিমুক্ত করতে সরকার আধুনিক প্রযুক্তিনির্ভর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। মামলা-মোকদ্দমা ও জটিলতা এড়িয়ে দ্রুত ভূমি সংক্রান্ত সমস্যার সমাধান নিশ্চিত করাই এ উদ্যোগের মূল লক্ষ্য। এখন থেকে জনগণ অনলাইনের মাধ্যমে খাজনা ২ এর পাতায় দেখুন




## রাজাপুরে র‍্যাবের অভিযানে মরণঘাতী বিদেশি 'পেন গান' উদ্ধার

**রাজাপুর প্রতিনিধি**

ঝালকাঠির রাজাপুরে অভিযান চালিয়ে একটি মরণঘাতী বিদেশি আগ্নেয়াস্ত্র 'পেন গান' উদ্ধার করেছে র‍্যাব-৮, বরিশাল। মঙ্গলবার (১৯ মে) ভোর রাতে উপজেলার সাতুরিয়া ইউনিয়নের নৈকাঠি গ্রামে এ অভিযান পরিচালনা করা হয়। র‍্যাব-৮ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাবের একটি আভিযানিক দল ভোর রাতে নৈকাঠি গ্রামের মো. নান্নু শিকদারের বসতবাড়ির পেছনের ঢালাই গলি সড়কের পাশে অভিযান চালায়। এ সময় একটি মুরগির খোপের পেছনে নীল পলিথিনে মোড়ানো পরিত্যক্ত অবস্থায় থাকা একটি অবৈধ বিদেশি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া অস্ত্রটি 'পেন গান' হিসেবে শনাক্ত করা হয়েছে। র‍্যাব জানায়, স্থানীয় সাক্ষীদের উপস্থিতিতে অস্ত্রটি জব্দ করা হয়। পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উদ্ধারকৃত আলামত রাজাপুর থানায় হস্তান্তর ২ এর পাতায় দেখুন

## লঞ্চে তরুণীকে ধর্ষণ ঢাকায় যুবক গ্রেফতার

**মুলাদী প্রতিনিধি**

বরিশালের হিজলা থানায় করা ধর্ষণ মামলার আসামি সৌরভ খানকে ঢাকা থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার দিবাগত রাত ১২টার দিকে ঢাকার লালবাগ থানা এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার সৌরভ খান (২০) হিজলা উপজেলার পশ্চিম গঙ্গাপুর গ্রামের মো. হানিফ খানের ছেলে। তাঁর বিরুদ্ধে ৪ মে হিজলা থানায় মামলা করা হয়েছিল। পুলিশ ও মামলার সূত্রে জানা গেছে, বিয়ের প্রলোভন দেখিয়ে গত ২৫ এপ্রিল হিজলার এক তরুণীকে সঙ্গে নিয়ে ঢাকায় রওনা দেন সৌরভ। পথে বরিশাল-ঢাকা নৌপথের একটি লঞ্চে ওই তরুণীকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ রয়েছে। পরদিন সকালে ঢাকার সদরঘাট এলাকায় তরুণীকে ২ এর পাতায় দেখুন

বরিশালে তিন দিনব্যাপী ভূমিসেবা মেলার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার খলিল আহমেদ-**কীর্তনখোলা**

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

## প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## বহুমাত্রিক চ্যালেঞ্জে অর্থনীতি

দীর্ঘ সময় ধরে চলা উচ্চ মূল্যস্ফীতি না কমে বরং আরো বাড়ছে। মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে। একই সঙ্গে কমছে ক্রয়ক্ষমতা বা ভোক্তার চাহিদা। এর প্রভাব পড়ছে শিল্পোৎপাদনে। একই সঙ্গে গ্যাস-বিদ্যুতের সংকটেও কমছে উৎপাদন। ফলে উৎপাদন ব্যয় বেড়ে যাচ্ছে। অনেক কলকারখানাই লাভজনকভাবে চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। ফলে দেশের অর্থনীতি বহুমাত্রিক চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে বলেই মনে করেন ব্যবসায়ী নেতা ও অর্থনীতিবিদরা। গত শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই) ঢাকার সামষ্টিক অর্থনীতির ত্রৈমাসিক মূল্যায়ন' শীর্ষক সেমিনারে বক্তারা বিদ্যমান অর্থনৈতিক সংকট ও তা থেকে উত্তরণের উপায় নিয়ে কথা বলেন। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, 'দেশের অর্থনীতি বর্তমানে একটি কঠিন সময় পার করছে। উচ্চ মূল্যস্ফীতি সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় বাড়িয়ে দিয়েছে। অন্যদিকে শিল্প খাতের উৎপাদন ব্যয়ও বেড়েছে। জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা ও ব্যাংকিং খাতের দুর্বলতা বিনিয়োগে নেতিবাচক প্রভাব ফেলছে।' তিনি বলেন, প্রচলিত সামষ্টিক অর্থনৈতিক সূচক অনেক সময় তাৎক্ষণিক বাস্তব পরিস্থিতি তুলে ধরতে ব্যর্থ হয়। এ কারণেই ডিসিসিআই 'অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই)' চালুর উদ্যোগ নিয়েছে, যাতে নীতিনির্ধারক ও উদ্যোক্তারা বাস্তব পরিস্থিতি মূল্যায়ন করে দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিসিসিআই মহাসচিব (ভারপ্রাপ্ত) ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী। তিনি জানান, ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের তথ্যের ভিত্তিতে এই গবেষণা পরিচালিত হয়েছে। গবেষণায় দেখা যায়, জলবায়ু পরিবর্তনের প্রভাবে কৃষি উৎপাদন কমে যাচ্ছে, যা খাদ্যপণ্যের বাজারে অস্থিরতা তৈরি করছে। একই সঙ্গে জ্বালানিসংকটের কারণে শিল্প খাতে উৎপাদন ব্যাহত হচ্ছে। তিনি বলেন, বর্তমান পরিস্থিতি মোকাবেলায় কৃষিপণ্যের বাজারমূল্য স্থিতিশীল রাখা, সরবরাহব্যবস্থার উন্নয়ন, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ প্রদান এবং শিল্পে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করা জরুরি। পাশাপাশি ব্যবসা পরিচালনায় সরকারি অনুমোদনপ্রক্রিয়ার জটিলতা কমানো, মূল্য সংযোজন করের হার যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনা এবং বন্দরগুলোতে পণ্য খালাস প্রক্রিয়া দ্রুত করার ওপরও গুরুত্বারোপ করেন তিনি। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শিবির বিচিত্র বড়ুয়া বলেন, বর্তমানে দেশের প্রধান অর্থনৈতিক চ্যালেঞ্জ হলো উচ্চ মূল্যস্ফীতি, বিনিয়োগে নেতিবাচক প্রবণতা এবং ব্যাংকিং ও আর্থিক খাতের দুর্বলতা। তিনি জানান, ব্যবসা সহজীকরণে সরকার আমদানিনীতি আধুনিকায়নের উদ্যোগ নিয়েছে এবং আগামী কয়েক মাসের মধ্যে নতুন নীতিমালা চূড়ান্ত হতে পারে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক ড. সৈয়দ মুনতাসির মামুন বলেন, শিল্পে দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য ব্যাংক খাতের ওপর অতিরিক্ত নির্ভরতা রয়েছে, যেখানে শক্তিশালী পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারত। কিন্তু পুঁজিবাজার এখনো কাঙ্ক্ষিত সক্ষমতা অর্জন করতে পারেনি। মধ্যপ্রাচ্যে যুদ্ধসহ নানা কারণে বিশ্বব্যাপী এক ধরনের অস্থিরতা রয়েছে। এর পাশাপাশি অভ্যন্তরীণ অনেক প্রতিকূলতাও অর্থনীতির গতিশীলতাকে শ্লথ করে দিচ্ছে। ব্যাংকঋণের উচ্চ সুদহারের কারণে শিল্প-কারখানাগুলো ব্যাংক থেকে ঋণ নিতে পারছে না। মূলধন সংকটে উৎপাদন ব্যাহত হচ্ছে। আমরা মনে করি, দেশি-বিদেশি বিনিয়োগের স্থবিরতা কাটাতে কার্যকর উদ্যোগ নিতে হবে। ব্যাংকঋণের সুদহার কমিয়ে এনে বেসরকারি খাতে ঋণপ্রবাহ বাড়াতে হবে। গ্যাস-বিদ্যুতের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে হবে।

## চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের

স্থগিত বা বাতিল করা হয়েছে। শিশুদের মধ্যে হামজনিত নিউমোনিয়ার প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় জরুরি পরিস্থিতি মোকাবিলায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। মঙ্গলবার (১৯ মে) স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. জালাল উদ্দিন মোহাম্মদ রুমী স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে। আদেশে বলা হয়েছে, আপদকালীন সময়ে নিরবচ্ছিন্ন চিকিৎসাসেবা নিশ্চিত করা এবং হাম প্রতিরোধে টিকাদান কার্যক্রম জোরদারের লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের ও অধিদপ্তরাধীন সব প্রতিষ্ঠানে কর্মরতদের অর্জিত ছুটি ও নৈমিত্তিক ছুটি স্থগিত বা বাতিল করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

## সীমান্তে হত্যা চলতে

পদত্যাগ করা উচিত। না হলে আমাদেরকে দায়িত্ব দেন, আমরা সীমান্ত হত্যা বন্ধ করব। অস্ত্র না থাকলেও আমরা বাঁশ হাতে নিয়ে রেডি হবো সীমান্তে। কোনো ভারতীয় বাহিনীকে অনুপ্রবেশ করতে দেবো না। মঙ্গলবার (১৯ মে) দুপুরে লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার গোতামারী ইউনিয়নের আমঝোল সীমান্তে বিএসএফের গুলিতে নিহত খাদেমুলের কবর জিয়ারত শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, বিএসএফ গুলি করে বাংলাদেশি মানুষকে হত্যা করে আর বিজিবি প্রেস রিলিজে ভারতীয়দের বয়ান উল্লেখ করে। আমরা মনে করি বাংলাদেশের মানুষ চোরাচালান করতে পারে না। বাংলাদেশের সকল মানুষ অত্যাচার নির্যাতনের শিকার। আমরা সীমান্তের শহীদদের পাশে থাকব। আমরা যদি সরকার গঠন করতে পারি, এ মানুষগুলোর জন্য ফাউন্ডেশন গঠন করে দেবো। সীমান্তে শহীদদের সরকারিভাবে ক্ষতিপূরণ দিতে হবে। মাছ ধরতে যাওয়া বাংলাদেশি খাদেমুলকে বিএসএফ গুলি করে শহীদ করেছে। তিনি বলেন, পশ্চিমবঙ্গ ও আসাম রাজ্যের পুরো সীমান্তে অস্থিতিরতা বিরাজ করছে। সে জায়গা থেকে আমরা সরকারকে বলবো, রেডএলার্টে যাওয়ার জন্য, সীমান্তবাসীকে বলবো প্রতিবাদ করতে সংঘবদ্ধ হওয়ার জন্য। এই এনসিপি নেতা বলেন, ইতিহাস থেকে চিন্তা করলে দেখা যায় জিয়াউর রহমান যখন ক্ষমতায় এসেছিলেন, তখন ওই সময় শেখ মজিবের সাথের গুন্ডা বাহিনী ভারতে পলাতক ছিল। সেখান থেকে তারা জিয়াউর রহমান সরকারকে ডিস্টার্ব করেছিল। একই কায়দায় শেখ হাসিনা ভারতে থেকে বাংলাশেদের মানুষকে ডিস্টার্ব করে যাচ্ছে। তারা ভারতের পশ্চিমবঙ্গ সরকারের সাথে মিলে সীমান্তে হত্যাযজ্ঞ চালাচ্ছে। সরকারকে বলবো- আওয়ামী লীগের সাথে লিয়াজু করবেন না। আমরা শেখ হাসিনাকে যদি ফাঁসির দড়িতে ঝুলাইতে পারি তাহলে সীমান্ত হত্যা বন্ধ হয়ে যাবে এবং সীমান্তের মানুষ নিরাপদ থাকবে। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, সরকারকে বলবো সকল ধরনের পুশইন বন্ধ করার জন্য। সীমান্তবাসীকে সজাগ থাকার জন্য, রাতে বাঁশ নিয়ে পাহারা দেওয়ার জন্য বলবো। যাতে ভারত থেকে তারা কাউকে পুশইন করাতে না পারে। রোহিঙ্গা নিয়ে আমরা ঝামেলায় আছি, নতুন করে আর ঝামেলা নিতে চাই না। গণভোট প্রসঙ্গে তিনি বলেন, গণভোটের রায় বাস্তবায়ন করুন, আপনারাও ভালো থাকবেন আমরাও ভালো থাকবো। আর গণভোটের রায় বাস্তবায়ন না করলে এ সরকার থাকতে পারবে না। এ সরকার নতুন কোনো মাইলফলক সৃষ্টি করতে পারছে না।

## বাজেটে শ্রমিক বৈষম্যের

শ্রমিকরা বৈষম্যের শিকার হয়। এবারের বাজেটে আমরা শ্রমিক বৈষম্যের অবসান চাই। তিনি বলেন, স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশে সবাই শ্রমিক অধিকারের কথা বললেও অতীতের সব সরকার শ্রমিকদের অধিকার হরণ করেছে, যার ফলে বিগত ৫৪টি বাজেটেই শ্রমিকদের বৈষম্যের শিকার হতে হয়েছে। জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন কর্তৃক আয়োজিত 'শ্রমিকের বাজেট ভাবনা' শীর্ষক প্রাক-বাজেট মতবিনিময় সভার প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অ্যাডভোকেট আতিকুর রহমানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক লস্কর মো. তসলিমের সঞ্চালনায় এতে আরও বক্তব্য রাখেন ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি অধ্যাপক হারুনুর রশিদ খান, কবির আহমেদ, গোলাম রাব্বানী, মুজিবুর রহমান ভূঁইয়া, সহ-সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আলমগীর হোসাইন, মুহিবুল্লাহ, দপ্তর সম্পাদক নুরুল আমিন, ট্রেড ইউনিয়ন সম্পাদক সোহেল রানা মিঠু, প্রচার সম্পাদক হাফিজুর রহমান প্রমুখ। অধ্যাপক মুজিব বলেন, বাজেট হচ্ছে প্রশাসক ও শ্রমজীবী মানুষের মধ্যকার একটি বার্ষিক অর্থনৈতিক চুক্তি, যা প্রতি বছর জাতীয় সংসদে পাস হয়। আগামী ৭ জুন জাতীয় সংসদে বাজেট অধিবেশন শুরু হবে উল্লেখ করে তিনি বলেন, দেশের অর্থনীতি সচল রাখার মূল শক্তি শ্রমিক সমাজ হলেও বাজেট প্রণয়নের সময় শ্রমিক প্রতিনিধি বা শ্রমজীবী মানুষের মতামত গ্রহণ করা হয় না এবং শ্রমিক কল্যাণ খাতে বরাদ্দও অত্যন্ত কম রাখা হয়। তিনি মনে করেন, বাজেট যদি একপক্ষীয় না হয়ে শ্রমিক ও প্রশাসনের উভয় পক্ষের স্বার্থ সংরক্ষণ করে প্রণয়ন করা হতো, তাহলে তা দেশের জন্য আরও কল্যাণকর হতো। শ্রমিকের মর্যাদা প্রসঙ্গে তিনি মহান আল্লাহ তায়ালার বাণী ও হাদিস উল্লেখ করে বলেন, ইসলাম শ্রম ও শ্রমিককে সর্বোচ্চ সম্মান দিয়েছে। মহানবী মুহাম্মদ (সা.) শ্রমিকের পরিশ্রমে কালো হয়ে যাওয়া হাত চুম্বন করে বলেছেন, 'কাজের হাতই শ্রেষ্ঠ হাত।'

## সমাজের প্রতিটি স্তরের

দূর করা রাষ্ট্রের দায়িত্ব। দেশ ও সমাজের নানা স্তরের অসমতা দূর করতে কাজ করতে পারে। মঙ্গলবার স্পিকার সংসদ ভবনে তার কার্যালয়ে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশ-এর আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের নেতৃত্বে একটি প্রতিনিধিদলের সাথে সৌজন্য সাক্ষাতকালে এসব কথা বলেন। তিনি বলেন, দেশের উন্নয়নে পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগণের অবদানের আনুষ্ঠানিক স্বীকৃতি নিশ্চিত হবে। সাক্ষাতে তারা সরকারের রাজনৈতিক প্রতিশ্রুতি বাস্তবায়নের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়ন ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য ও নিরাপদ খাদ্যে অধিকার নিশ্চিতে ককাসের ভূমিকা নিয়ে মতবিনিময় করেন। এসময় নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশের প্রতিনিধিদল 'স্পিকার' পদে নির্বাচিত হওয়ার জন্য তাকে অভিনন্দন জানান এবং সম্প্রতি স্পিকারের সহধর্মিণী বিশিষ্ট শিক্ষাবিদ দিলারা হাফিজের মৃত্যুতে সমবেদনা জ্ঞাপন করেন। সাক্ষাতকালে প্রতিনিধিদলের সদস্য এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## শ্রেণিকক্ষেই চলছে শিক্ষিকার

কর্মকাণ্ডে ব্যহত হচ্ছে বিদ্যালয়ের স্বাভাবিক পাঠদান কার্যক্রম। তবুও সাবেক ওই প্রধান শিক্ষকের ভয়ে কোনো অভিভাবক বা শিক্ষক এই দম্পতিকে কিছু বলার সাহস করেননি। তবে ওই কক্ষটিতে স্বাভাবিক পাঠদানের পরিবেশ ফিরিয়ে আনার দাবি জানিয়েছেন স্থানীয়রা। স্থানীয়দের দাবি, শিক্ষা কার্যক্রম এবং গৃহস্থালি একসঙ্গে হতে পারে না। তাই এই দম্পতির থাকার জায়গা সংকট থাকলে তারা অন্যত্র বাসা ভাড়া নিয়ে বসবাস করতে পারেন। কিন্তু একপাশে রান্না আর একপাশে পাঠদান মোটেই গ্রহণযোগ্য নয়। জানতে চাইলে প্রতিষ্ঠানের সাবেক প্রধান শিক্ষক আবদুল রব সিদ্দিকী জানান, তার কোনো জমিজমা নেই। সব জায়গা জমি বিভিন্ন প্রতিষ্ঠানে দান করে দিয়েছেন। তাই স্কুল চলাকালীন সময়ে স্ত্রীর সঙ্গে তিনিও শ্রেণিক্ষকে বসবাস করেন। তবে স্কুল বন্ধ হলে শিক্ষিকা স্ত্রীকে নিয়ে বরগুনা বাড়িতে চলে যান। বিদ্যালয়ের শিক্ষিকা শিউলীকা পারভীন জানান, বিদ্যালয়ের যে কক্ষটিতে তারা বসবাস করছেন তাতে পাঠদানে কোনো সমস্যা হয় না। ফাসিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুল আলম বলেন, তারা বলেছেন বাসা ভাড়া নিয়ে চলে যাবেন। কিন্তু গ্রামে বাসা পাওয়াটা মুশকিল। তাই হয়ত থাকছেন। এ বিষয়ে কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউছার হামিদ বলেন, শ্রেণিকক্ষ দখল করে বসবাস করার সুযোগ নেই। তদন্ত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

## বরিশালে হাম ও হাম উপসর্গে

জেলায় হামের উপসর্গ নিয়ে ১ হাজার ২৮৮ শিশু হাসপাতালে ভর্তি হয়েছে। এ ছাড়া ভোলায় ৪৫৮টি, বরিশালে ৩৬৭টি, বরগুনায় ৫৩১টি, পিরোজপুরে ৩৩৭টি ও ঝালকাঠিতে ২৫৫টি শিশু হাসপাতালে এসেছে। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ লোকমান হাকিম বলেন, 'মার্চ থেকেই এই বিভাগে হাম মারাত্মক রূপ নেয়। তা এখনো অব্যাহত আছে। তবে টিকা কার্যক্রম চলছে। আশা করি, এর প্রভাবে হাম নিয়ন্ত্রণে আসবে। রোগীর চাপ থাকায় চিকিৎসকদের হিমশিম খেতে হচ্ছে। হাসপাতালে স্থান সংকুলান হচ্ছে না। তারপরও চিকিৎসায় কোনো ঘাটতি নেই। আমরা যথাযথ চিকিৎসা-সেবা নিশ্চিত করার চেষ্টা করছি।'

## বরিশালে তিন দিনব্যাপী

পরিশোধ, ডিসিআর সংগ্রহ, পর্চা উত্তোলনসহ ভূমি সংক্রান্ত বিভিন্ন রেকর্ড সহজেই গ্রহণ করতে পারবেন। এতে সাধারণ মানুষ হয়রানির শিকার হতে মুক্তি পাওয়ার পাশাপাশি ভূমি অফিসে সক্রিয় দালাল চক্রের হাত থেকেও রক্ষা পাবেন। বিভাগীয় কমিশনার বলেন, কৃষি জমি রক্ষা করাও সরকারের অন্যতম অগ্রাধিকার। বরিশাল বিভাগে প্রায় আট লাখ দুই হাজার হেক্টর কৃষি জমি রয়েছে। এরমধ্যে ফসলি জমির পরিমাণ প্রায় ৬১ শতাংশ। ভবিষ্যৎ প্রজন্মের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কৃষি জমিতে কোনো ধরনের অবৈধ স্থাপনা বা ভবন নির্মাণের সুযোগ দেওয়া হবে না বলে জানান বিভাগীয় কমিশনার। এছাড়া নতুন প্রণীত 'কৃষি জমি সুরক্ষা আইন-২০২৬' অনুযায়ী ভবিষ্যতে কৃষি জমির সংরক্ষণের পাশাপাশি ডোবা, নালা ও জলাধার সংরক্ষণ আইন কঠোরভাবে বাস্তবায়ন করা হবে বলেও জানান তিনি। মেলা উদ্বোধন উপলক্ষে জেলা প্রশাসক কার্যালয়ের মহাফেজখানা চত্বর থেকে বিভাগীয় কমিশনার খলিল আহমেদের নেতৃত্বে বর্ণাঢ্য র?্যালি বের করা হয়। অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোঃ সোহরাব হোসেন, রেঞ্জ ডিআইজি মোস্তাফিজুর রহমান, জেলা প্রশাসক মোঃ খায়রুল আলম সুমন, পুলিশ সুপার এ, জেড, এম মোস্তাফিজুর রহমান সহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও ভূমিসেবা গ্রহণকারী এসময় উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ভূমি সংক্রান্ত নানা তথ্য সংগ্রহের জন্য মেলায় ৮টি স্টল স্থাপন করা হয়েছে। মেলা আগামী ২১ মে পর্যন্ত চলবে।

## বাজেটে সহজ জীবনমানকে

সোমবার (১৮ মে) সকালে পুরানা পল্টনস্থ দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত মাসিক বৈঠকে সভাপতির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। চরমোনাই পীর বলেন, দীর্ঘ ১৫ বছরের ফ্যাসিবাদ এবং বিশেষ পরিস্থিতির অন্তর্বর্তীকালীন সরকারের পর এবারের বাজেট প্রণনয়ন হবে একটি নির্বাচিত স্বাভাবিক সরকারের নেতৃত্বে। তবে বর্তমানে দেশ এক বহুমাত্রিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। তিনি উল্লেখ করেন, দেশের অর্থনীতির কাঠামো প্রায় ধ্বংসপ্রাপ্ত, সংস্কারের উদ্যোগগুলো স্থবির হয়ে পড়েছে এবং বৈশ্বিক রাজনীতির প্রভাবে জ্বালানি সংকট পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে । দেশের বর্তমান অর্থনৈতিক চিত্র তুলে ধরে তিনি বলেন, বর্তমানে দারিদ্র্যের হার বেড়েছে এবং মানুষের আয় করার সক্ষমতা কমেছে। মানুষ এখন সঞ্চয় করতে পারছে না, বরং সঞ্চয় ভেঙে সংসার চালাতে বাধ্য হচ্ছে। বিনিয়োগে স্থবিরতার কারণে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে না এবং দ্রব্যমূল্যের লাগামহীন ঊর্ধ্বগতি সাধারণ মানুষের জীবনকে অতিষ্ঠ করে তুলেছে। ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রণয়নকারী সংশ্লিষ্টদের, বিশেষ করে প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে মুফতি রেজাউল করীম বলেন, 'পরিস্থিতি যাইহোক না কেন, বাজেট প্রণয়নে দারিদ্র্য দূরীকরণ, কর্মসংস্থান ও জীবনমান সহজিকরণকে প্রাধান্য দিতে হবে'। একইসঙ্গে তিনি রাজস্ব আয় বৃদ্ধি, সরকারের অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস, বিনিয়োগ বৃদ্ধি এবং রাষ্ট্রের সামগ্রিক সক্ষমতা বাড়ানোর ওপর জোর দেন। বৈঠকে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দলের মহাসচিব অধ্যক্ষ হাফেজ মাওলানা ইউনুস আহমদ, প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক আশরাফ আলী আকন, যুগ্ম মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান, ইঞ্জিনিয়ার আশরাফুল আলম এবং কেন্দ্রীয় প্রচার ও দাওয়াহ সম্পাদক শেখ ফজলুল করীম মারুফসহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ। নেতৃবৃন্দ একটি জনকল্যাণমুখী ও বাস্তবসম্মত বাজেট প্রণয়নের জন্য সরকারের প্রতি জোর দাবি জানান।

## লঞ্চে তরুণীকে ধর্ষণ

রেখে পালিয়ে যান সৌরভ। পরে ওই তরুণী বাড়ি ফিরে পরিবারের সদস্যদের বিষয়টি জানালে তাঁর মা বাদী হয়ে হিজলা থানায় মামলা করেন। হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোলায়মান বলেন, ধর্ষণ মামলার আসামি সৌরভ খানকে ঢাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। মঙ্গলবার সকালে তাঁকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

## রাজাপুরে র‌্যাবের অভিযানে মরণঘাতী

করা হয়েছে। এ বিষয়ে র‌্যাব-৮ এর কোম্পানি অধিনায়ক অতিরিক্ত পুলিশ সুপার মো. কামরুজ্জামান বলেন, 'সন্ত্রাস, অবৈধ অস্ত্র ও চাঁদাবাজির বিরুদ্ধে র‌্যাবের অভিযান অব্যাহত রয়েছে। অপরাধমুক্ত সমাজ গঠনে র?্যাব-৮ সর্বদা তৎপর রয়েছে।' তিনি আরও জানান, অবৈধ অস্ত্র উদ্ধার এবং সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিরোধে গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে এবং এ ধরনের অভিযান ভবিষ্যতেও চলমান থাকবে।

## বরিশাল বিআইডব্লিউটিএ দপ্তরে

ঘটনা ঘটে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সরকারি দপ্তরের কর্মতৎপরতা ও শৃঙ্খলা যাচাই করতে মঙ্গলবার সকাল ঠিক ৯টায় কোনো ধরনের পূর্বঘোষণা ছাড়াই বরিশালের বিআইডব্লিউটিএ দপ্তরে হাজির হন নৌ পরিবহন প্রতিমন্ত্রী। তিনি একে একে বিভিন্ন কক্ষ ঘুরে দেখেন। কিন্তু অফিস শুরুর নির্ধারিত সময় হওয়া সত্ত্বেও কর্মকর্তা পর্যায়ের কাউকেই দপ্তরে পাওয়া যায়নি। শীর্ষ কর্মকর্তাদের এমন অনুপস্থিতিতে দপ্তরের স্বাভাবিক কার্যক্রম স্থবির হয়ে পড়ে এবং সেবা নিতে আসা সাধারণ মানুষের ভোগান্তির চিত্র ফুটে ওঠে। তবে ঊর্ধ্বতন কর্মকর্তারা অনুপস্থিত থাকলেও, কয়েকজন নিম্নপদস্থ কর্মচারীকে নিজ নিজ টেবিলে দায়িত্ব পালনরত অবস্থায় দেখা যায়। কর্মকর্তা ছাড়া সেবা কার্যক্রম কতটা স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে, প্রতিমন্ত্রী নিজেই উপস্থিত কর্মচারীদের সঙ্গে কথা বলে সে বিষয়ে খোঁজখবর নেন। পরিদর্শনের সময় কর্মকর্তাদের এমন অপেশাদার আচরণ ও অনুপস্থিতি দেখে তাৎক্ষণিক তীব্র অসন্তোষ প্রকাশ করেন প্রতিমন্ত্রী। তিনি নিজেই উদ্যোগী হয়ে অনুপস্থিত কর্মকর্তাদের নাম ও উপস্থিতির বিবরণী নোটবুকভুক্ত করেন এবং সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহের নির্দেশ দেন। পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় নৌ প্রতিমন্ত্রী রাজীব আহসান বলেন, "আপনারা যা দেখলেন, আমিও তাই দেখলাম। এ ধরনের অভিযান চলবে।" তিনি আরও বলেন, সরকারি দপ্তরে শৃঙ্খলা, সময়ানুবর্তিতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে ভবিষ্যতেও এমন আকস্মিক পরিদর্শন অব্যাহত থাকবে। দায়িত্ব পালনে অবহেলা কিংবা অনিয়মের বিষয়ে সরকার কঠোর অবস্থানে রয়েছে বলেও জানান তিনি। বিআইডব্লিউটিএ দপ্তরের এই আকস্মিক পরিদর্শন শেষে সকাল সাড়ে ৯টার দিকে প্রতিমন্ত্রী স্পিডবোটযোগে মেহেন্দীগঞ্জের উদ্দেশে বরিশাল ত্যাগ করেন। সংশ্লিষ্টরা মনে করছেন, প্রশাসনের স্তরে চেইন অব কমান্ড ও সময়ানুবর্তিতা ফিরিয়ে আনতে প্রতিমন্ত্রীর এই অ্যাকশন একটি শক্ত বার্তা হিসেবে কাজ করবে।

## হাম ও হামের উপসর্গে

অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৭৭ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৩৯৮। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে সাত হাজার ৯২৯ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৫৬ হাজার ৫৮৬। উল্লেখিত সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৪৩ হাজার ৯৮৩ জনকে এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৪০ হাজার ৯০ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৪৭ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া, বরিশালে ১৫, চট্টগ্রামে আট, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে। সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ১৫৮ জনের মৃত্যু ঘটেছে ঢাকা বিভাগে। এরপর ৭৮ জন মারা গেছে রাজশাহীতে। সেই সঙ্গে সিলেটে ৩৮, চট্টগ্রামে ৩৭, ময়মনসিংহে ৩৪, বরিশালে ২৯, খুলনায় ২০ ও রংপুরে চারজন প্রাণ হারিয়েছে।

## যেসব অধ্যাদেশ পাস হয়নি

সিস্টেমের সমস্যা সমাধানে প্রধানমন্ত্রীকে একটি প্রেজেন্টেশন দেওয়া হবে। চিফ হুইপ বলেন, জাতীয় সমস্যাগুলো মোকাবিলায় সরকার ও বিরোধীদল একসঙ্গে কাজ করছে। এসময় তিনি আশা প্রকাশ করে বলেন, যেভাবে তেলের সমস্যা সমাধান হয়েছে, একইভাবে সরকার ও বিরোধীদল মিলে বিদ্যুতের সমস্যারও সমাধান করা হবে। দারিদ্র্যসীমার নিচে থাকা মানুষের উন্নয়নে সরকার কাজ করে যাচ্ছে বলেও জানান নুরুল ইসলাম মনি।

## দুই পক্ষের ধাক্কাধাক্কিতে

আয়োজন করেন পটুয়াখালী-২ আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। এদিকে মন্ত্রী ফেরিতে নদী পার হয়ে বগা প্রান্তের মঞ্চে যাওয়ার পথে বিএনপির এক পক্ষের নেতাকর্মী তার পথরোধ করে স্লোগান দিতে থাকেন। বিএনপি নেতাকর্মীদের অভিযোগ, মঞ্চের ব্যানারে প্রধানমন্ত্রী তারেক রহমানের ছবি না থাকায় তারা প্রতিবাদ জানান। এসময় ড. শফিকুল ইসলাম মাসুদের সমর্থক নেতাকর্মী এবং পটুয়াখালী-২ আসনের বিএনপির সংসদ সদস্য প্রার্থী শহিদুল ইসলামের অনুসারীদের মধ্যে বাকবিতণ্ডা ও ধাক্কাধাক্কির ঘটনা ঘটে। পরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে সেখানে হট্টগোল সৃষ্টি হয়। একপর্যায়ে নিরাপত্তাজনিত কারণে সেতুমন্ত্রী বগা প্রান্তের মঞ্চে প্রবেশ না করে সেখান থেকে ফিরে যান। পরে তিনি দুমকি প্রান্তে নির্মিত অপর মঞ্চে গিয়ে সংক্ষিপ্ত সভায় অংশ নেন। বাউফল উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আপেল মাহমুদ ফিরোজ বলেন, মন্ত্রীর আগমন ঘিরে মঞ্চ তৈরির আগে বিএনপির নেতাকর্মীদের সঙ্গে কোনো আলোচনা করা হয়নি। এ কারণে বগা প্রান্তে মন্ত্রী পৌঁছালে নেতাকর্মীরা প্রতিবাদ জানান। এছাড়া মঞ্চে প্রধানমন্ত্রী তারেক রহমানের কোনো ছবি না থাকায় নেতাকর্মীদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয় এবং তারা স্লোগান দেন। এদিকে ঘটনা সম্পর্কে জানতে পটুয়াখালী ২ বাউফল আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদের মোবাইলফোনে একাধিকবার কল দেওয়া হলেও তিনি ফোন রিসিভ করেননি। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সিরাজুল ইসলাম বলেন, বিএনপির ২ গ্রুপ ও জামায়াতের নেতাকর্মীদের কারণে মন্ত্রী মঞ্চে উঠেননি। মাঠ থেকে সাংবাদিকদের সঙ্গে কথা বলে ফিরে গেছেন তিনি।

## বগা নদীতে ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী

বগা সেতু বাস্তবায়িত হলে শুধু যোগাযোগ ব্যবস্থাই উন্নত হবে না, বরং এ অঞ্চলের অর্থনৈতিক কর্মকাণ্ডেও গতি আসবে। মন্ত্রী আরও বলেন, উপকূলীয় অঞ্চলে উৎপাদিত তরমুজ, ডাল, চালসহ বিভিন্ন কৃষিপণ্য এবং নদী ও সাগর থেকে আহরিত মাছ দ্রুত দেশের বিভিন্ন অঞ্চলে পরিবহন করা সম্ভব হবে। এতে কৃষক, জেলে ও ব্যবসায়ীরা সরাসরি উপকৃত হবেন। প্রকল্প সূত্রে জানা গেছে, লেবুখালী-বাউফল-গলাচিপা-আমড়াগাছিয়া সড়কের (জেড-৮৮০৬) ১৪তম কিলোমিটারে প্রস্তাবিত এই ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর মোট দৈর্ঘ্য হবে প্রায় ২ দশমিক ৬২ কিলোমিটার। এর মধ্যে মূল সেতুর দৈর্ঘ্য ১ দশমিক ৩৪৮ কিলোমিটার এবং সংযোগ সড়ক থাকবে ১ দশমিক ২৭২ কিলোমিটার। সেতুর প্রস্থ হবে ১৫ দশমিক ০২ মিটার। নির্মিতব্য সেতুর এক প্রান্তে রয়েছে দুমকি উপজেলা এবং অপর প্রান্তে বগা এলাকা। সেতুটি নির্মিত হলে দুমকি, বাউফল, গলাচিপা ও দশমিনা উপজেলার মানুষের সঙ্গে পটুয়াখালী সদর, বরগুনা এবং রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য অঞ্চলের সরাসরি ও নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ নিশ্চিত হবে। পাশাপাশি রাঙ্গাবালী উপজেলাও পরোক্ষভাবে এই সুবিধার আওতায় আসবে। সংশ্লিষ্ট প্রকৌশলীরা জানান, সেতুর মূল অংশে ৭০ মিটার + ১২৮ মিটার + ৭০ মিটার স্প্যান বিন্যাস থাকবে। এছাড়া ১ হাজার ৮০ মিটার দীর্ঘ ভায়াডাক্ট নির্মাণ করা হবে। সংযোগ সড়কের সাবগ্রেডের প্রস্থ হবে ১৪ দশমিক ২০ মিটার। বাংলাদেশ ও চীনের যৌথ সহযোগিতায় বাস্তবায়িত এই প্রকল্পে দুই দেশের দায়িত্বও ভাগ করা হয়েছে। চীনা পক্ষ সেতুর জরিপ, নকশা প্রণয়ন, প্রয়োজনীয় যন্ত্রপাতি ও নির্মাণসামগ্রী সরবরাহ এবং প্রকৌশল ও প্রযুক্তিগত জনবল নিয়োগ করবে। অন্যদিকে বাংলাদেশ সরকার পরিবেশগত প্রভাব মূল্যায়ন, ভূমি ব্যবহার অনুমোদন, ভূমি অধিগ্রহণ এবং প্রকল্প এলাকার অবকাঠামোগত সংযোগ নিশ্চিত করবে। স্থানীয়রা বলছেন, দীর্ঘদিন ধরে বগা ফেরীঘাটের ওপর নির্ভরশীল হওয়ায় মানুষকে নানাভাবে দুর্ভোগ পোহাতে হয়। বিশেষ করে বর্ষা মৌসুমে নদী পারাপারে চরম ভোগান্তি সৃষ্টি হয়। সেতুটি নির্মিত হলে এই দুর্ভোগের অবসান ঘটবে এবং ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ও চিকিৎসা সেবায়ও ইতিবাচক প্রভাব পড়বে। স্থানীয়রা আশা করছেন, দ্রুত সময়ের মধ্যে বগা সেতুর নির্মাণ কাজ শুরু হয়ে বাস্তবায়ন সম্পন্ন হলে দক্ষিণাঞ্চলের অর্থনীতি, পর্যটন এবং যোগাযোগ ব্যবস্থায় এক নতুন অধ্যায়ের সূচনা হবে। জনসভায় উপস্থিত ছিলেন পটুয়াখালী-১ আসনের সংসদ সদস্য আলতাফ হোসেন চৌধুরী, পটুয়াখালী-২ আসনের সংসদ সদস্য ডা. শফিকুল ইসলাম মাসুদ, জেলা পরিষদের চেয়ারম্যান স্নেহাংশু সরকার কুট্টি এবং জেলা প্রশাসক ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ের জামায়াত ও বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## গৌরনদীতে প্রাথমিক শিক্ষাপদক প্রতিযোগীতার উদ্বোধন

**গৌরনদী প্রতিনিধি**

উপজেলা প্রশাসন ও প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষাপদক প্রতিযোগীতা অনুষ্ঠানের করা হয়। মঙ্গলবার সকাল ১১টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার মোঃ ইব্রাহীম। উপজেলা শিক্ষা অফিসার মোঃ নুরুল ইসলাম মৃধার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইব্রাহিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, সদস্য সচিব জহীর সাজ্জহাদ হান্নান, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি ও বিআরডিবির সাবেক চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির, গৌরনদী প্রেসক্লাবের সাবেক সভাপতি মোঃ গিয়াস উদ্দিন মিয়া এবং পৌর বিএনপির ভারপ্রাপ্ত সদস্য সচিব শরীফ শফিকুর রহমান স্বপনসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ।

## লাশবাহী খাটিয়ায় ধাক্কা, বিক্ষুব্ধ জনতার আগুনে পুড়ল পিকআপ

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠির নলছিটিতে লাশ বহনের খাটিয়ায় দ্রুতগতির একটি পণ্যবাহী পিকআপ ভ্যানের ধাক্কায় অন্তত পাঁচজন গুরুতর আহত হয়েছেন। এ ঘটনায় ক্ষুব্ধ জনতা পিকআপ ভ্যানে আগুন ধরিয়ে দিলে মহাসড়কে প্রায় দুই ঘণ্টা যান চলাচল বন্ধ থাকে। সোমবার (১৮ মে) রাত ৯টার দিকে বরিশাল-কুয়াকাটা মহাসড়কের নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়নের বকুলতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন নলছিটি থানার তদন্ত কর্মকর্তা আশরাফ আলী। স্থানীয় সূত্রে জানা যায়, এলাকার এক ব্যক্তির জানাজা শেষে স্বজনরা খাটিয়ায় করে মরদেহ দাফনের জন্য নিয়ে যাচ্ছিলেন। এ সময় পেছন থেকে আসা দ্রুতগতির একটি পিকআপ ভ্যান খাটিয়াবহনকারীদের সজোরে ধাক্কা দেয়। এতে খাটিয়া থেকে মরদেহ সড়কে পড়ে যায় এবং খাটিয়া বহনকারী কয়েকজন গুরুতর আহত হন। আহতরা হলেন মৃত ব্যক্তির ছেলে মো. ওলি, শ্যালক নাছির, ভাগনে রেজা এবং নাতি সম্পর্কের আরও একজনসহ মোট পাঁচজন। তাদের উদ্ধার করে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, পিকআপ ভ্যানটি বেপরোয়া গতিতে চলছিল। দুর্ঘটনার পর স্থানীয় লোকজন ক্ষুব্ধ হয়ে পিকআপটিতে আগুন ধরিয়ে দেয়। এতে মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে নলছিটি থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনেন এবং পরিস্থিতি স্বাভাবিক করেন। নলছিটি থানার তদন্ত কর্মকর্তা আশরাফ আলী বলেন, "রাত ৯টার দিকে জিরোপয়েন্ট এলাকায় লাশ বহনকারী খাটিয়ায় একটি পিকআপ ভ্যানের ধাক্কায় কয়েকজন আহত হয়েছেন। পরে উত্তেজিত জনতা গাড়িটিতে আগুন ধরিয়ে দেয়। আহতদের হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনাটি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## ঝালকাঠিতে যৌথ অভিযানে ১ হাজার কেজি সরকারি গম উদ্ধার

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠিতে জেলা এনএসআইয়ের গোপন তথ্যের ভিত্তিতে এনএসআই, উপজেলা প্রশাসন ও পুলিশের যৌথ অভিযানে পরিত্যক্ত অবস্থায় একটি গ্যারেজ থেকে ১ হাজার কেজি সরকারি গম উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার (১৯ মে) সকালে ঝালকাঠির ভৈরবপাশা এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। জানা গেছে, জেলা এনএসআইয়ের তথ্যের ভিত্তিতে উপজেলা প্রশাসন ও পুলিশের সমন্বয়ে পরিচালিত অভিযানে ছোট প্রেমহার এলাকার আব্দুল খালেকের গ্যারেজ থেকে পরিত্যক্ত অবস্থায় ২২ বস্তা সরকারি গম উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গমের পরিমাণ প্রায় ১ হাজার কেজি বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। প্রতিটি বস্তায় ৫০ কেজি করে গম সংরক্ষিত ছিল। নলছিটি থানার এসআই করুন কুমার বিশ্বাস জানান, অভিযানকালে বাজার এলাকার একটি গ্যারেজে সরকারি গম মজুত থাকার সত্যতা পাওয়া যায়। পরে এনএসআই ও খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাদের উপস্থিতিতে গমগুলো জব্দ করা হয়। তিনি আরও জানান, উদ্ধার হওয়া সরকারি গমের বিষয়ে তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

## বরিশালের পাঁচ এমপি মন্ত্রিসভায়

মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ- বীর বিক্রম। এছাড়া বরিশাল-৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ) আসনের সংসদ সদস্য মো. রাজিব আহসানকে রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং পটুয়াখালী-৩ আসনের সংসদ সদস্য, গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য আহমদ সোহেল মনজুরকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। এ প্রসঙ্গে বরিশাল উত্তর জেলা যুবদলের আহ্বায়ক সালাউদ্দিন পিপলু বলেন, এটা নিঃসন্দেহে আনন্দের খবর। এই জনপদের দিকে প্রধানমন্ত্রী ও আমাদের নেতা তারেক রহমানের সুদৃষ্টি আছে বলেই বিচ্ছিন্ন এই জনপদ থেকে তিনি মন্ত্রী-প্রতিমন্ত্রী মনোনীত করেছেন। আমরা আশা করছি বরিশাল আর অবহেলিত থাকবে না। টিআইবি'র সচেতন নাগরিক কমিটি বরিশাল জেলার সদস্য কবি হেনরী স্বপন বলেন, 'বরিশাল থেকে এবার যাঁরা সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন, তাদের মধ্যে অনেকেই মন্ত্রিত্ব পাওয়ার যোগ্যতা রাখেন। তার মধ্যে থেকে পাঁচজনকে মন্ত্রিত্ব দেওয়া হয়েছে। যদিও বরিশালবাসীর প্রত্যাশা আরও বেশি ছিল। বরিশাল নগরী ও আশপাশের এলাকায় কথা বলে জানা গেছে, তরুণ প্রজন্ম কর্মসংস্থান ও শিল্পায়নের ওপর জোর দিচ্ছেন। কৃষকরা চান ন্যায্যমূল্য ও সংরক্ষণ সুবিধা। ব্যবসায়ীরা প্রত্যাশা করছেন যোগাযোগব্যবস্থার উন্নতি ও নতুন বিনিয়োগ। বিশ্লেষকদের মতে, কোনো বিভাগ থেকে একাধিক মন্ত্রী অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট অঞ্চলের প্রশাসনিক সমন্বয় বাড়ে এবং উন্নয়ন প্রকল্পে অগ্রাধিকার পাওয়ার সম্ভাবনা তৈরি হয়। তবে শুধু প্রতিনিধিত্ব নয়, কার্যকর পরিকল্পনা ও বাস্তবায়নই শেষ পর্যন্ত উন্নয়নের মূল চাবিকাঠি।

## চরফ্যাশনে ৩ দিনব্যাপী

ব্যবস্থাপনা: সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ'। জনগণের দোরগোড়ায় সহজ, স্বচ্ছ ও অটোমেটেড ভূমিসেবা পৌঁছে দেওয়া এবং ভূমিসেবা বিষয়ে নাগরিক সচেতনতা বাড়ানোর লক্ষ্যেই সাড়া দেশের মত চরফ্যাশন উপজেলায় এই মেলার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের প্রধান অতিথি চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমান আফরোজ বলেন, বর্তমান সরকার ভূমি ব্যবস্থাপনাকে ধাপে ধাপে আধুনিক ও প্রযুক্তিনির্ভর করতে নানা উদ্যোগ বাস্তবায়ন করছে। এরই অংশ হিসেবে ই-নামজারি, অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ, অনলাইনে খতিয়ান ও মৌজা ম্যাপ সংগ্রহ, ডাকযোগে ভূমিসেবা এবং ডিসিআর ফি অনলাইনে পরিশোধের মতো সেবা চালু করা হয়েছে। ফলে উপজেলার প্রান্তিক জনগোষ্ঠী ঘরে বসেই নির্ধারিত ফি পরিশোধ করে প্রয়োজনীয় ভূমিসেবা নিতে পারবেন। ভূমিসেবা মেলার মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠী হয়রানিমুক্তভাবে সেবা গ্রহণের পাশাপাশি অটোমেটেড ভূমিসেবা সম্পর্কে সম্যক ধারণা পাবেন। এতে জনগণ ডিজিটাল সেবা গ্রহণে আরও উৎসাহিত হবেন।বাড়বে ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা। মেলায় ভূমি ব্যবস্থাপনা-সংক্রান্ত স্টলের পাশাপাশি ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মাঠপর্যায়ের অফিস, ভূমিসেবা সহায়তা কেন্দ্র (এলএসএসি), ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্টলও থাকবে। এসব স্টলে নাগরিকদের জন্য পোর্টালে নিবন্ধন সহায়তা, অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ, ই-নামজারির আবেদন গ্রহণ, অনলাইনে খতিয়ানের সত্যায়িত কপি সরবরাহ, সহ বিভিন্ন সেবা দেওয়া হবে মেলা উপলক্ষে জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান, গণমাধ্যম এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সম্পৃক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যম, স্থানীয় কেবল নেটওয়ার্ক, মাইকিং ও ব্যানার-ফেস্টুনের মাধ্যমে ব্যাপক প্রচার চালানো হচ্ছে। ভ্রাম্যমাণ ভূমিসেবা ভ্যানের মাধ্যমেও জনগণকে সেবা ও তথ্য দেওয়া হবে। চরফ্যাশন উপজেলা সহকারিকমিসনার ভূমি এমাদুল হোসেন বলেন, 'ভূমিসেবা মেলা ২০২৬' সাড়া দেশের মত চরফ্যাশনে ভূমি সেবায় অটোমেটেড ভূমি ব্যবস্থাপনাকে আরও গতিশীল করবে এবং আধুনিক, প্রযুক্তিনির্ভর ও হয়রানিমুক্ত ভূমিসেবা সম্পর্কে মানুষের আস্থা বাড়াবে।

## কলাপাড়ায় বার মাসই পানিতে

বিদ্যালয়ের শিক্ষকসহ অভিভাবকরা। সরেজমিনে জানা যায়, ১৯২৭ সালে ৪১ নং নবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি স্থাপিত হয়েছে। প্রায় শত বছরের পুরানো এ বিদ্যালয়টিতে এখনও নেই সুসজ্জিত খেলার মাঠ। রয়েছে পাঠদান কক্ষের সংকট। একতলা ভবনের এ বিদ্যালয়টিতে মোট ৩ টি কক্ষ রয়েছে। যার একটিতে অফিস এবং বাকী দুটি কক্ষে চলছে পাঠদান। নেই কোন বাউন্ডারি দেয়াল। শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছে খেলাধুলা ও শরীর চর্চা থেকে। এক শিক্ষার্থীর অভিভাবক বলেন, খেলাধুলার মাঠ নাই। রাস্তা ভালো নাই, ওখানে ছেলে-মেয়েরা আচার-পাচার খায়। তারপর রুম নাই, দুইটা রুমে ক্লাশ হয়। আরো রুম লাগে। বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা আফরোজা আক্তার পলি বলেন, "খেলার মাঠ নাই, বর্ষাকালে পানি জমে যায়। আমাদের আসতেও সমস্যা হয়। স্কুলে সুন্দর একটা রাস্তাও নাই। তারপর ক্লাশ রুমের সংকট। দুইটা ক্লাশ রুমে আমরা তিনটা ক্লাশ করাই এবং সুজ্জিত কোন কক্ষও নাই।" অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিরেন চন্দ্র পাইক জানান, বিদ্যালয়ের মাঠ নেই। যতটুকু রয়েছে সেটাতেও প্রায় বারো মাসই পানি জমে থাকে। রয়েছে শ্রেণী কক্ষের সংকট। বিদ্যালয়ের মাঠসহ অন্যান্য বিষয়গুলো উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানিয়েছেন বলে তিনি জানান। কলাপাড়া প্রাথমিক শিক্ষা অফিসার শাহিদা বেগম বলেন, "আপনাদের মাধ্যমে বিষয়টি সম্পর্কে অবগত হলাম। খুব শীঘ্রই আমি অথবা আমার প্রতিনিধি সরেজমিনে পাঠাবো।" অতিদ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলে তিনি সাংবাদিকদের জানান।

## বিশ্বে ৫ জন স্ট্রোকের রোগীর মধ্যে

হাসপাতালে আসবেন। তাদের চিকিৎসা দিতে চিকিৎসকসহ সংশ্লিষ্টদের হিমশিম খেতে হবে। সেই সাথে সরকারের স্বাস্থ্যখাতে বিপুল পরিমাণ অর্থব্যয়ও করতে হবে। সেমিনারে তৃণমূল পর্যায় পর্যন্ত জনসচেতনতা বৃদ্ধিতে সরকারের উদ্যোগ গ্রহণ, নিয়মিত উচ্চ রক্তচাপ পরীক্ষা, উত্তম খাদ্যাভাস গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়। রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের কার্ডিওলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. রবীন্দ্র নাথ বর্মনের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন রমেক অধ্যক্ষ অধ্যাপক ডা. আনোয়ার হোসেন। বিশেষ অতিথির বক্তব্য দেন উপাধ্যক্ষ ডা. মো. জহুরুল হক ও হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আশিকুর রহমান। অন্যান্যের মধ্যে মেডিসিন বিভাগের প্রধান অধ্যাপক ডা. মোখলেছুর রহমান সরকার, নিউরোলজি বিভাগের প্রধান অধ্যাপক ডা. এমদাদুল হক, নেফ্রোলজি বিভাগের প্রধান সহযোগী অধ্যাপক ডা. সাঈদ আনিসুজ্জামান, কার্ডিওলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. আবু জাহিদ বসুনিয়া, সহকারী অধ্যাপক ডা. হাসানুল ইসলাম ও সিনিয়র কনসালটেন্ট ডা. আব্দুল্লাহ আল মাহমুদ বক্তব্য দেন। উচ্চ রক্তচাপের ধরণ, ভয়াবহতা ও চিকিৎসা নিয়ে তথ্য চিত্র উপস্থাপন করেন কার্ডিওলজি বিভাগের ইনডোর মেডিকেল অফিসার ডা. কাজী মুশফিকা হক। বেক্সিমকো ফার্মাসিউটিক্যালসের সহযোগিতায় আয়োজিত সেমিনারে বিশেষজ্ঞ চিকিৎসক ছাড়াও বিভিন্ন বিভাগের চিকিৎসকরা উপস্থিত ছিলেন। পরে একটি জনসচেতনতামূলক শোভাযাত্রা মেডিকেল কলেজ ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এদিকে বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস উপলক্ষ্যে রংপুর সিভিল সার্জন কার্যালয়ে চত্বরে বিনামূল্যে রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষাসহ চিকিৎসা পরামর্শ প্রদান ও দিনব্যাপী হেলথ ক্যাম্পের আয়োজন করে হাইপারটেনশন অ্যান্ড রিসার্চ সেন্টার। একটি পরিসংখ্যান তুলে ধরে আয়োজনকরা জানান, রংপুর বিভাগের ৩৩ শতাংশ মানুষ উচ্চ রক্তচাপে ভুগছেন। এর অন্যতম কারণ অস্বাস্থ্যকর জীবনযাপন, অনিয়ন্ত্রিত খাদ্যাভ্যাস, মানসিক চাপ, শারীরিক পরিশ্রমের অভাব এবং অনিয়মিত স্বাস্থ্য পরীক্ষা। হাইপারটেনশন অ্যান্ড রিসার্চ সেন্টারের সভাপতি অধ্যাপক ডা. মো. জাকির হোসেন জানান, তার প্রতিষ্ঠিত এই সেন্টার শুধু চিকিৎসা প্রদানেই সীমাবদ্ধ নয়, বরং সচেতনতা বৃদ্ধি, রোগ প্রতিরোধ ও গবেষণাভিত্তিক কার্যক্রমের মাধ্যমে সুস্থ সমাজ গঠনে কাজ করছে। মানুষের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে প্রতিষ্ঠানটি ইতোমধ্যে ৩২২টি ফ্রি মেডিকেল ক্যাম্প সম্পন্ন করেছে। এসব ক্যাম্পে বিনামূল্যে রক্তচাপ ও ডায়াবেটিস পরীক্ষা, চিকিৎসা পরামর্শ এবং স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা করা হয়েছে। উচ্চ রক্তচাপ অনেক সময় কোনো দৃশ্যমান উপসর্গ ছাড়াই শরীরের গুরুত্বপূর্ণ অঙ্গগুলোর ক্ষতি করে উল্লেখ করে তিনি বলেন, একে 'নীরব ঘাতক' বলা হয়। অনিয়ন্ত্রিত উচ্চ রক্তচাপের কারণে স্ট্রোক, হার্ট অ্যাটাক, কিডনি বিকল, ব্রেন হেমারেজ ও দৃষ্টিশক্তি হ্রাসসহ বিভিন্ন জটিল রোগের ঝুঁকি বহুগুণ বৃদ্ধি পায়। তাই নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, সুষম খাদ্যাভ্যাস এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবনের ওপর গুরুত্ব বাড়ানোর আহ্বান জানান এই চিকিৎসক।

## সীমান্তে বিএসএফের গুলির

এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সোমবার (১৮ মে) বিকেলে সিলেট ব্যাটালিয়নের (৪৮ বিজিবি) দায়িত্বপূর্ণ সোনারহাট সীমান্ত এলাকায় বিএসএফ গুলি ছুড়লে বিজিবি তাৎক্ষণিকভাবে কড়া প্রতিক্রিয়া জানিয়ে পাল্টা ফায়ার করে। বিজিবির দৃঢ় ও পেশাদার পদক্ষেপে পরিস্থিতি দ্রুত নিয়ন্ত্রণে আসে। এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। বর্তমানে সীমান্ত পরিস্থিতি শান্ত ও স্থিতিশীল রয়েছে বলে জানিয়েছে বিজিবি। ঘটনার পর সীমান্ত এলাকায় বিজিবির টহল ও নজরদারি জোরদার করা হয়েছে। পাশাপাশি সীমান্তে যেকোনো উসকানিমূলক ও অনাকাঙ্ক্ষিত ঘটনার বিষয়ে সর্বোচ্চ সতর্ক অবস্থানে থাকার কথা জানিয়েছে বাহিনীটি। বিজিবি আরও জানায়, দেশের সার্বভৌমত্ব ও সীমান্ত নিরাপত্তা রক্ষায় তারা সর্বোচ্চ পেশাদারিত্ব ও দৃঢ়তার সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছে। একই সঙ্গে স্থানীয় জনপ্রতিনিধি ও সীমান্তবর্তী জনসাধারণকে অবৈধভাবে সীমান্ত অতিক্রম এবং অননুমোদিত কর্মকাণ্ড থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে।

## ট্রাম্পের পরই পুতিনের চীন সফর

চুক্তির ২৫ বছর পূর্তি উদযাপন। তবে আন্তর্জাতিক বিশ্লেষকদের মতে, এই সফরের কূটনৈতিক গুরুত্ব অনেক গভীর এবং এর সময়টিও অত্যন্ত তাৎপর্যপূর্ণ। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চীন সফর শেষ হওয়ার মাত্র একদিন পরই পুতিনের বেইজিং সফরের ঘোষণা আসে। ট্রাম্প তাঁর সফরে বড় ধরনের বাণিজ্যিক সমঝোতার কথা বললেও যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে তাইওয়ান ইস্যু, ইরান যুদ্ধ কিংবা বৈশ্বিক নিরাপত্তা প্রশ্নে উল্লেখযোগ্য অগ্রগতির কোনো ইঙ্গিত পাওয়া যায়নি। এই পরিস্থিতি পুতিনের জন্য ইতিবাচক বলেই মনে করছেন বিশ্লেষকেরা। কারণ এতে বোঝা যাচ্ছে, চীন এখনো রাশিয়ার সঙ্গে সম্পর্ক থেকে সরে আসার কোনো পরিকল্পনা করছে না। বিশ্লেষকদের মতে, সাম্প্রতিক বছরগুলোতে পশ্চিমা নিষেধাজ্ঞা এবং ট্রাম্পের বৈদেশিক নীতিকে 'ঝুঁকিপূর্ণ' হিসেবে দেখার কারণে পুতিন ও সির মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি হয়েছে। যদিও এই সফরে বড় কোনো নতুন চুক্তি বা নাটকীয় পরিবর্তনের সম্ভাবনা কম, তবু এটি রাশিয়া-চীন সম্পর্কের ধারাবাহিকতা আরও জোরদার করবে। বিশেষ করে জ্বালানি, অর্থনীতি, সামরিক প্রযুক্তি ও ড্রোন উৎপাদনে সহযোগিতা বাড়ানোর বিষয়ে দুই দেশ আলোচনা করতে পারে। লন্ডনের কিংস কলেজের প্রতিরক্ষা বিশ্লেষক মেরিনা মিরনের মতে, চীন রাশিয়ার জ্বালানি সম্পদ কম দামে পেতে চায়। অন্যদিকে রাশিয়া চীনের প্রযুক্তির ওপর অনেকটাই নির্ভরশীল হয়ে পড়েছে। বিশেষত ইউক্রেন যুদ্ধের পর রাশিয়ার ওপর পশ্চিমা চাপ বাড়ায় মস্কোর কাছে বেইজিং এখন গুরুত্বপূর্ণ অংশীদার। চ্যাথাম হাউসের বিশ্লেষক টিমোথি অ্যাশ মনে করেন, এই সম্পর্কের ক্ষেত্রে এখন রাশিয়াই তুলনামূলক দুর্বল অবস্থানে রয়েছে। তিনি বলেন, 'পুতিনের এখন সি-কে বেশি প্রয়োজন। ইউক্রেন যুদ্ধের কারণে রাশিয়া অনেকটাই নির্ভরশীল অংশীদারে পরিণত হয়েছে।' তাঁর মতে, ট্রাম্প যেমন বেইজিংয়ে সমর্থন চাইতে গিয়েছিলেন, তেমনি পুতিনও চীনের সমর্থন নিশ্চিত করতে যাচ্ছেন। তবে অন্য বিশ্লেষক ওলেগ ইগনাতভ মনে করেন, সম্পর্কটিকে কেবল 'বড়-ছোট' অংশীদার হিসেবে দেখা ঠিক হবে না। তাঁর মতে, রাশিয়া ও চীন উভয়ই এমন একটি বহুমেরুকেন্দ্রিক বিশ্ব গড়তে চায়, যেখানে একক কোনো শক্তির আধিপত্য থাকবে না। পুতিনের সফরের আরেকটি গুরুত্বপূর্ণ প্রেক্ষাপট হলো ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চলমান সংঘাত। হরমুজ প্রণালিতে অস্থিরতার কারণে বৈশ্বিক জ্বালানি বাজারে চাপ তৈরি হয়েছে, যা চীনের অর্থনীতির জন্য উদ্বেগের কারণ। আবার এই প্রেক্ষাপটে রাশিয়া স্বল্পমেয়াদে কিছু সুবিধা পেলেও দীর্ঘমেয়াদে মস্কো ও বেইজিং উভয় দেশই স্থিতিশীলতা চায়।

## ভিটেমাটি গিলে খাচ্ছে

সুখ আর স্বপ্নের সঙ্গী ছিল, সেই নদীই আজ তাদের নিঃস্ব করেছে। চারবার ভাঙনে নদীগর্ভে বিলীন হয়েছে নুরজাহান বেগম ও হাবিবুর রহমান ফকির দম্পতির ৬৫ শতাংশ জমি, বসতভিটা, গাছপালা আর সাজানো সংসার। এখন তাদের অস্থায়ী ঠিকানা নদীভাঙন ঠেকাতে ফেলা জিওব্যাগের ওপর নির্মিত ছোট্ট টিনের ছাপড়ার ঘর। বরিশালের বাবুগঞ্জ উপজেলার বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর নগর ইউনিয়নের রমজানকাঠী গ্রামে গিয়ে দেখা মেলে এই দম্পতির অসহায় জীবনের বাস্তব চিত্র। রাজমিস্ত্রি হাবিবুর রহমান ফকির ও তার স্ত্রী নুরজাহান বেগম গত পাঁচ বছর ধরে জিওব্যাগের ওপর তৈরি ঝুঁকিপূর্ণ ঘরেই বসবাস করছেন। বর্ষাকালে ফুলে-ফেঁপে ওঠা সন্ধ্যা নদীর জোয়ারের পানি কখনও ঘরের নিচ দিয়ে প্রবাহিত হয়, আবার কখনও ঢুকে পড়ে ঘরের ভেতরেও। ঝড়-বৃষ্টি বা বন্যা এলে তখন আশ্রয়ের জন্য ছুটতে হয় অন্যের বাড়িতে। তবুও তারা এই নদীপাড় ছেড়ে কোথাও যেতে পারেননি। কারণ এখানেই জড়িয়ে আছে তাদের শৈশব, সংসার, ভালোবাসা আর অসংখ্য স্মৃতি। নুরজাহান বেগম বলেন, জীবনের কত স্মৃতি জড়াইয়া আছে এই জায়গাডায়। একসময় জমিতে ফসল হইতো, সেই ফসল বিক্রি কইরা সংসার চলতো। স্বামীর ৬৫ শতাংশ জমি ছিল, বাড়িঘর আছিল। সব নদী গিল্লা খাইছে। এখন বাকি শুধু আমরা দুইজন। অসহায় জীবনের মধ্যেও সুখ খুঁজি ওই নদীর দিকে তাকাইয়া। কথা বলতে বলতে বারবার আকাশের দিকে তাকাচ্ছিলেন তিনি। চোখে ছিল দীর্ঘদিনের না বলা কষ্টের ছাপ। তিনি আরও বলেন, না খাইয়া থাকলেও লজ্জায় কারও কাছে হাত পাতি না। আল্লাহ যেভাবে রাখছে, সেভাবেই ভালো আছি। হাবিবুর রহমান ফকিরের কণ্ঠেও ছিল অসহায়ত্বের ভার। এক সময় এলাকায় স্বচ্ছল মানুষ হিসেবেই পরিচিত ছিলেন তিনি। রাজমিস্ত্রির কাজের পাশাপাশি জমির ফসলেও চলত সংসার। কিন্তু নদীভাঙনের একের পর এক আঘাতে সবকিছু বদলে যায়। তিনি বলেন, ছোটবেলা থেইকা এইখানে বড় হইছি। অনেক জমি আছিল, বাপ-দাদার ভিটা আছিল। ভালোই জীবন চলতেছিল। সব কাইরা নিছে নদী। চারবার আমার ঘর নদীতে চইলা গেছে। সব নদীতে নিয়া যাওনের পর সরকার জিওব্যাগ ফেলছে। এখন ওই জিওব্যাগের ওপরই থাকি। নদীভাঙনের দুশ্চিন্তা আর কষ্ট সহ্য করতে না পেরে তিনবার ব্রেইন স্ট্রোকও করেছেন হাবিবুর রহমান। এখন কানে কম শোনেন। চলাফেরা করতে পারলেও আগের মতো ভারী কাজ করতে পারেন না। বয়স ও অসুস্থতায় আয়ও কমে গেছে অনেক। তাদের দুই ছেলে থাকলেও তারাও দিন আনে দিন খায়। বিয়ে করে পরিবার নিয়ে অন্যত্র ভাড়া বাসায় থাকেন। ফলে বৃদ্ধ বাবা-মায়ের পাশে দাঁড়ানোর সামর্থ্যও তাদের খুব বেশি নেই। স্থানীয় বাসিন্দা ভাষাই মোল্লা বলেন, হাবিব ফকিরের বাড়ি চারবার নদীতে ভাঙছে। তার সব জমিজমা নদীগর্ভে গেছে। এখন তার নিজের কোনো জমি নাই, যেখানে ঘর তুলে থাকতে পারে। তাই জিওব্যাগের ওপর দোকানের মতো পাটাতন করে টিনের ছাপড়া দিয়ে দুইজন মানুষ বসবাস করতেছে। হাবিব ভাই আগের মতো কাজও করতে পারে না। খুব কষ্টে দিন চলে তাদের। গ্রামবাসীরা জানান, সন্ধ্যা নদীর ভয়াল ভাঙনে এ অঞ্চলের অনেক পরিবারই নিঃস্ব হয়েছে। কেউ অন্যত্র চলে গেলেও অনেকেই এখনও মায়ার টানে নদীপাড় ছাড়তে পারেননি। স্থানীয় ইউপি চেয়ারম্যান কামরুল আহসান হিমু বলেন, আমি এই এলাকার দীর্ঘদিনের চেয়ারম্যান। হাবিব ভাই আমাদের আত্মীয়, কিন্তু তার এই পরিণতি সম্পর্কে আমাকে জানায়নি। সাংবাদিকদের কাছ থেকে বিষয়টি জেনেছি। এটা আসলেই আমার জন্য লজ্জার। আমি এখান থেকে প্রতিদিন যাতায়াত করি। মনে হয়নি ঘরটিতে কেউ বসবাস করে। যাইহোক, আমি চেষ্টা করব উপজেলা নির্বাহী কর্মকর্তার সঙ্গে কথা বলে তাদের জন্য কিছু করার। এছাড়া সমাজের বিত্তবানদের সহযোগিতা নিয়েও তাদের পাশে দাঁড়ানোর চেষ্টা করব। নদীভাঙনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর কষ্ট সত্যিই অনেক হৃদয় বিদারক। উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনা বলেন, বিষয়টি অত্যন্ত মানবিক ও হৃদয়বিদারক। আমি স্থানীয় চেয়ারম্যানের সাথে হাবিব ও নুরজাহান দম্পতির অসহায় জীবনযাপনের বিষয়ে কথা বলেছি। আমরা পরিবারটির বিষয়ে খোঁজখবর নিয়ে সরকারি সহায়তার আওতায় আনার চেষ্টা করব। পাশাপাশি নদীভাঙনে ক্ষতিগ্রস্ত অন্যান্য পরিবারগুলোর জন্যও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

## ইউপি সদস্যের বিরুদ্ধে বয়স্ক ভাতার

কথা বলে দুই বছর আগে জাতীয় পরিচয়পত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র নেন। পরবর্তীতে আমার নামে একটি বয়স্ক ভাতা মঞ্জুরও হয়। কিন্তু ভাতার সম্পূর্ণ টাকা আমার অজান্তেই ইউপি সদস্য সোলায়মান তার নিজের ছেলের (০১৬৩০-৪০৪....) মোবাইল নম্বরে নিয়ে আত্মসাৎ করে আসছেন। ভুক্তভোগীর ছেলে সাহাদাত খান অভিযোগ করেন, ইউপি সদস্য সোলায়মান ইতোমধ্যে জালিয়াতি করে লিয়াকত আলী খানের ছয় মাসের ভাতার টাকা তুলে নিয়েছেন। এই অনিয়মের বিষয়টি জানাজানি হওয়ার পর আমরা এবং স্থানীয় বাসিন্দারা প্রতিবাদ করায় ইউপি সদস্য ও তার লোকজন উল্টো আমাদের মুখ বন্ধ রাখতে এবং মিথ্যা বলার জন্য বিভিন্ন ধরনের হুমকি-ধমকি দিয়ে যাচ্ছেন। তবে নিজের ও ছেলের বিরুদ্ধে ওঠা এই জালিয়াতির অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছেন অভিযুক্ত ইউপি সদস্য সোলায়মান মৃধা। তিনি বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগ তোলা হচ্ছে তা সঠিক নয়। আমার ছেলের নম্বরে সরকারি কোনো ভাতার টাকা ঢোকেনি। আত্মসাতের এই অভিযোগটি সম্পূর্ণ ভিত্তিহীন। রাজনৈতিক ও সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করতে একটি পক্ষ আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। এই অপপ্রচারের বিরুদ্ধে আমি ইতোমধ্যে থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছি। এ বিষয়ে গৌরনদী উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুশান্ত বালা বলেন, গত তিন মাস আগে লিয়াকত আলী খানের নামে একটি বয়স্ক ভাতা চালু হয়। ভাতা অনুমোদনের পরপরই সরকারি ডাটাবেজ ও ফরমে দেওয়া ০১৬৩০-৪০৪.... নম্বরে প্রথম কিস্তির তিন মাসের টাকা পাঠানো হয়েছে। পরবর্তীতে আরও তিন মাসের টাকাসহ মোট ৩ হাজার ৯০০ টাকা ওই নির্দিষ্ট নম্বরেই চলে গেছে। এই বিষয়ে ভুক্তভোগীর পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে দ্রুত মোবাইল নম্বর পরিবর্তনসহ অভিযুক্তের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও পৌর প্রশাসক মো. ইব্রাহীম জানান, ভুক্তভোগী পরিবারের কাছ থেকে লিখিত অভিযোগ পেলেই একটি তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্তে জালিয়াতি বা অর্থ আত্মসাতের সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্ট জনপ্রতিনিধির বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ভোলায় কনস্টেবল পদে

মোট ৩৩ জন পরীক্ষার্থী প্রাথমিকভাবে নির্বাচিত হন এবং ৪ জন পরীক্ষার্থী অপেক্ষমাণ তালিকায় অন্তর্ভুক্ত রাখা হয়। জেলা পুলিশ সুপার বলেন, সমগ্র নিয়োগ কার্যক্রমে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে। সম্পূর্ণ মেধা, যোগ্যতা ও নির্ধারিত নীতিমালার ভিত্তিতে এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।কোনো প্রকার সুপারিশ ছাড়া মাত্র ১২০ টাকা আবেদন খরচে চাকরি পেয়েছেন ভোলার ৩৩ জন যুবক। নিয়োগপ্রাপ্তদের বেশিরভাগই কৃষক, জেলে ও দিনমজুর পরিবারের সন্তান। ৭টি ধাপে যোগ্যতা যাচাই-বাছাই শেষে মেধা ও যোগ্যতার ভিত্তিতে পুলিশ কনস্টেবল পদে নিয়োগ পেতে যাচ্ছেন তারা।সন্তানের চাকরি পাওয়ার খবরে আনন্দে উচ্ছ্বাসিত স্বজনরাও। চাকরি পাওয়া মো. জিদান জানান, তিনিও কয়েকবার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। চারদিকে পুলিশে চাকরি পেতে লাখ লাখ টাকা লাগে এমন কথাও শুনেছেন। তাই এবার লিখিত পরীক্ষা দেওয়ার পরও চাকরি পাওয়ার আশা ছেড়ে দিয়েছিলেন। কিন্তু ফলাফলে নিজের নাম শুনে আনন্দে আত্মহারা হয়ে পড়েন তিনি। কোনো ধরনের অর্থ বা তদবির ছাড়া মেধার ভিত্তিতে চাকরি পাওয়ায় সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। নিয়োগ পাওয়া চরফ্যাশনের বাসিন্দা মো. ইয়াকুব শরীফ জানান, তার বাবা একজন কৃষক। পরিবারের আর্থিক সংকটের মধ্যেও অনেক সংগ্রাম করে পড়াশোনা চালিয়ে যেতে হয়েছে তাকে। এর আগে দুইবার পুলিশে চাকরির চেষ্টা করলেও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেননি। তবে হাল না ছেড়ে তৃতীয়বারের চেষ্টায় সফল হয়েছেন তিনি। চাকরি পাওয়ার পর উচ্ছ্বাস প্রকাশ করে ইয়াকুব বলেন, মাত্র ১২০ টাকায় পুলিশে চাকরি হবে, এটা কখনও কল্পনাও করিনি। ভোলার পুলিশ সুপার মো. শহীদুল্লাহ কাওছার জানান, চলতি বছরের টিআরসি নিয়োগে জেলায় মোট ১ হাজার ৫৩৮ জন আবেদন করেছিলেন। শারীরিক সক্ষমতা পরীক্ষার সাতটি ধাপ শেষে ৪৬০ জন লিখিত পরীক্ষায় অংশ নেন। সেখান থেকে ৪২ জন উত্তীর্ণ হয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। পরে চূড়ান্তভাবে ৩৩ জনকে নির্বাচিত করা হয়েছে।

## এক রাতে দুই কৃষকের

অপরদিকে, একই গ্রামের নিতাই চন্দ্র শীলের ছেলে দীপঙ্কর চন্দ্র শীলের গোয়ালঘর থেকেও ৩টি গরু চুরি হয়েছে। ভোরে ঘুম থেকে উঠে তিনি দেখেন, গোয়ালঘর ফাঁকা। এতে তিনি দিশেহারা হয়ে পড়েন। স্থানীয়দের দাবি, চুরি হওয়া গরুগুলোর বাজারমূল্য প্রায় ৬ লাখ টাকা। একই এলাকায় এক মাস আগেও হুমায়ুন কবির নামে এক কৃষকের ৬টি গরু চুরি হয়েছিল। তবে এখন পর্যন্ত সেই ঘটনার কোনো রহস্য উদঘাটন হয়নি বলে অভিযোগ স্থানীয়দের। কোটখালী গ্রামের ৫ নম্বর ওয়ার্ডের গ্রাম পুলিশ মজিবুর রহমান বলেন, একটির পর একটি গরু চুরির ঘটনায় এলাকার কৃষকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। রাত জেগে পাহারা দিয়েও চোরদের দৌরাত্ম্য ঠেকানো যাচ্ছে না। গলাচিপা থানার অফিসার ইনচার্জ (তদন্ত) জিলন সিকদার জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। চুরির ঘটনায় তদন্ত চলছে এবং জড়িতদের শনাক্তে পুলিশ কাজ করছে।

## নেছারাবাদে পরিত্যক্ত ঘরের

নেছারাবাদ (স্বরূপকাঠি) থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়। মঙ্গলবার সকালে খবর আসে পানাউল্লাহপুর গ্রামে একটি বাড়ির পাশে তার মরদেহ পড়ে রয়েছে। তিনি আরও বলেন, মামার সঙ্গে কারও শত্রুতা ছিল না। তিনি গলায় চেইনের সঙ্গে প্রায় দেড় ভরির দুটি স্বর্ণের লকেট পরতেন। এছাড়া সবসময় তার কাছে কিছু নগদ টাকাও থাকত। নেছারাবাদ (স্বরূপকাঠি) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, মঙ্গলবার সকালে সদর ইউনিয়নের পানাউল্লাহপুর গ্রামের শিক্ষক মো. শাহ আলমের পরিত্যক্ত ঘরের পাশ থেকে একজনের মরদেহ পাওয়া গেছে। ঘটনাস্থলে পুলিশ তদন্ত করছে এবং পুলিশের ডিকেক্টিভ টিমকে জানানো হয়েছে। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এ বিষয়ে বিস্তারিত কিছু বলা সম্ভব নয়।

## কলেজের অধ্যক্ষের ঘুষিতে

শিক্ষক-কর্মচারীদের মধ্যে আলোচনা হলে অধ্যক্ষ তাঁর ওপর অসন্তুষ্ট হন। ওয়াহিদুজ্জামান আরও জানান, সকালে অধ্যক্ষ তাঁকে কলেজের অফিসের কক্ষে ডেকে নেন। সেখানে টাকা ধার নেওয়ার বিষয়টি নিয়ে কথা-কাটাকাটির একপর্যায়ে অধ্যক্ষ উত্তেজিত হয়ে তাঁকে ঘুষি মারেন। এতে তাঁর মুখে গুরুতর আঘাত লাগে এবং দুটি দাঁত ভেঙে যায়। পরে সহকর্মীরা তাঁকে উদ্ধার করে ঝালকাঠি সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে যাওয়ার পরামর্শ দেন চিকিৎসকেরা। অভিযোগের বিষয়ে জানতে চাইলে অধ্যক্ষ মো. হাফিজুর রহমান বলেন, 'উত্তেজনার কারণে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে। বিষয়টি নিয়ে আমি দুঃখ প্রকাশ করছি। কলেজ পরিচালনা কমিটির সভাপতি এ ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।' এ বিষয়ে কলেজ পরিচালনা কমিটির সভাপতি এস এম সুলতান মাহমুদের মোবাইল ফোনে কল দিলেও পাওয়া যায়নি। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আরিফুল আলম বলেন, এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## চরফ্যাশনের পিআইও

প্রকল্পে ব্যাপক অনিয়ম সংঘটিত হয়। অভিযোগ অনুযায়ী, কোটবাড়িয়া গ্রামের গণি মৃধার বাড়ি থেকে শামীম মৃধার বাড়ি পর্যন্ত রাস্তা এবং তুলসিবাড়িয়া গ্রামের শামসু খানের বাড়ি থেকে মালেক খানের বাড়ি পর্যন্ত রাস্তার সংস্কার কাজে দুর্নীতির ঘটনা ঘটে। তদন্ত প্রতিবেদনে বলা হয়, সরকারি অর্থ আত্মসাতের উদ্দেশ্যে পূর্বের প্রকল্প প্রাক্কলন গায়েব করে নতুন করে জালিয়াতির মাধ্যমে ভুয়া প্রাক্কলন প্রস্তুত করা হয়। এছাড়া সরেজমিনে পরিমাপক টিমের তদন্তে দেখা গেছে, নির্ধারিত পরিমাণের তুলনায় প্রায় ৯৬৭ দশমিক ২৪২ ঘনমিটার কম মাটির কাজ করা হয়েছে। প্রকৃত কাজ না করেই অতিরিক্ত বিল উত্তোলনের মাধ্যমে মোট ১ লাখ ২১ হাজার ৯৭ টাকা ৭৩ পয়সা সরকারি অর্থ আত্মসাৎ করা হয়েছে বলে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় মো. ওয়ালিউল ইসলামের বিরুদ্ধে দণ্ডবিধির ৪০৯, ৪২০, ৪৬৭, ৪৬৮, ৪৭১ ও ৪৭৭(ক) ধারাসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় অভিযোগ আনা হয়েছে।

## প্রভাব খাটিয়ে সরকারি জমি

এবং ব্যবসায়ী ইব্রাহীম ফরাজীকে জমি বুঝিয়ে দিচ্ছেন।' খোঁজ নিয়ে জানা গেছে, উপজেলা শহরের মালিপাড়া স্লুইসগেট এলাকায় পানিউন্নয়ন বোর্ডের জমিতে দীর্ঘদিন ধরে ঘরবাড়ি নির্মাণ করে বসবাস করে আসছিলেন মো. ইউসুফ নামে এক ব্যক্তির পরিবার। কিন্তু সম্প্রতি স্থানীয় প্রভাবশালী ব্যবসায়ী ইব্রাহীম ফরাজী ওই বসতবাড়ির সামনের ১ শতাংশ জমির উপর কাঠের নির্মিত একটি দোকান ঘরের জমি ক্রয় সূত্রে মালিকানা দাবি করেন। তবে উভয়পক্ষের পানিউন্নয়ন বোর্ড (পাউবো) কর্তৃক কোন বৈধ কাগজপত্র নেই। পরে এই জমিসংক্রান্ত বিরোধ চরমে পৌঁছালে গত শুক্রবার উভয়পক্ষকে নিয়ে সালিশ বৈঠকে বসেন ওসি সাইদুল ইসলাম। অভিযোগ উঠেছে, সালিশ শেষ করেই ক্ষান্ত হননি ওসি। তিনি নিজে পুলিশ ফোর্স নিয়ে ঘটনাস্থলে উপস্থিত হন এবং ব্যবসায়ী ইব্রাহিম ফরাজীকে দোকান ঘরসহ সীমানা পিলার স্থাপন করে জমির দখল বুঝিয়ে দেন। সরকারি জমির আইনি এখতিয়ার পানি উন্নয়ন বোর্ডের থাকলেও একজন পুলিশ কর্মকর্তার উপস্থিতিতে এভাবে সরকারি জমিতে সীমানা নির্ধারণ ও জমি দখল করিয়ে দেওয়ার ঘটনায় স্থানীয়দের মাঝে নানামুখী প্রশ্ন উঠেছে। ইউসুফ খান বলেন, "আমরা দীর্ঘদিন ধরে এই জমিতে ঘরবাড়ি তৈরি করে বসবাস করছি। কিন্তু হঠাৎ করেই ইব্রাহিম ফরাজী নামের একজন দাবি করেন যে, তিনি ক্রয়সূত্রে আমাদের বসতঘরের সামনের জায়গার মালিক। এই বিষয়টির মীমাংসার জন্য থানায় সালিশ বৈঠকে ডাকা হয়েছিল। সেখানে ওসি সাহেব আমাকে একটি সালিশনামায় সই করতে বলেন। আমি সই দিতে রাজি না হওয়ায় তিনি আমাদের জেলে পাঠানোর হুমকি দেন এবং নানাভাবে ভয় দেখান। একপর্যায়ে আমাকে বাধ্য করে জোরপূর্বক সেই কাগজে স্বাক্ষর নেওয়া হয়। এরপরই ওসি সাহেব লোকবল নিয়ে এসে জমি পরিমাপ করে ইব্রাহিম ফরাজীকে জায়গাটি দখল করে দেন।" নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় একাধিক বাসিন্দা বলেন, "উপজেলা শহরের ভেতরের একটি দোকানঘরের জমির মূল্য এখন প্রায় কোটি টাকা ছুঁইছুঁই। জমির পরিমাণ অল্প হলেও এর বাণিজ্যিক গুরুত্ব অপরিসীম। তাই এই বিপুল চাহিদাকে পুঁজি করে বড় অঙ্কের অর্থ লেনদেনের মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের সরকারি জমি গোপনে একটি চক্রের দখলে বুঝিয়ে দেওয়া হয়েছে।" এবিষয়ে জানতে ইব্রাহিম ফরাজীর মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তাকে পাওয়া যায়নি। আমতলী উপজেলা ম্যাজিস্ট্রেট আদালতের সহকারি পাবলিক প্রসিকিউটর এ্যাডভোকেট এম ইছহাক বাচ্চু বলেন, "আদালতের সুনির্দিষ্ট নির্দেশ ছাড়া কোনো সম্পত্তির মালিকানা বা দখল বুঝিয়ে দেওয়ার এখতিয়ার থানা পুলিশের নেই। পুলিশ শুধু আইনশৃঙ্খলার অবনতি ঘটার আশঙ্কা থাকলে, পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারে।" এ বিষয়ে তালতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অভিযুক্ত মো. সাইদুল ইসলাম বলেন, "শহরের একটি জমি নিয়ে দুই পক্ষের মধ্যে বিরোধ চলছিলো। পরে তাদের নিয়ে বৈঠক করে অমিমাংসিত বিষয়টি মিমাংসা করে দিয়েছি। এসময় আমাকে সরেজমিনে গিয়ে দেখার জন্য বললে, তখন আমি ওই জায়গায় গিয়েছি।" পানিউন্নয়ন বোর্ডের (পাউবো) নির্বাহী প্রকৌশলী মো. আব্দুল হান্নান বলেন, "ওই জমি সংক্রান্ত বিষয়ে থানা পুলিশ আমাদের অবগত করেনি। খোঁজ-খবর নিয়েছি জমি উদ্ধার করার প্রক্রিয়া চলমান রয়েছে।"

## কুয়াকাটা সৈকতে ১৬৩

মোহনায় অবমুক্ত করা হয়। স্থানীয় সূত্র জানায়, দীর্ঘদিন বন্ধ থাকার পর মঙ্গলবার সকালে নিজের ফিশফ্রাই দোকান খুলতে যান লেম্বুরবন এলাকার ব্যবসায়ী মো. বায়েজিদ। দোকানের চারপাশ পরিষ্কার করার সময় বালুর মধ্যে ছোট ছোট কিছু প্রাণীর নড়াচড়া দেখতে পান। কাছে গিয়ে দেখেন কয়েকটি কচ্ছপের বাচ্চা বালুর ওপর উঠে আসছে। পরে বিষয়টি আশপাশের লোকজনকে জানালে তারা বালু সরিয়ে একটি গর্তের মধ্যে আরও কচ্ছপের বাচ্চা দেখতে পান। খবর পেয়ে স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন 'উপরা'র সদস্যরা উদ্ধার কার্যক্রম শুরু করে। উদ্ধারকারীরা জানান, গর্তটির ভেতরে কচ্ছপের ডিমের খোসা, ছোগলা এবং সদ্য ফোটা বাচ্চাগুলো পাওয়া যায়। ধারণা করা হচ্ছে, কয়েক সপ্তাহ আগে মা কচ্ছপটি নিরিবিলি স্থান হওয়ায় সেখানে ডিম পেড়ে যায়। পরে ডিম ফুটে বাচ্চাগুলো বের হয়ে আসে। কিন্তু দোকানের কাঠামো ও বালুর বাধার কারণে তারা সাগরের যেতে পারেনি। উদ্ধারের পর উপকূল পরিবেশ রক্ষা আন্দোলন 'উপরা'র সদস্যরা বনবিভাগ ও উপজেলা প্রশাসনকে খবর দেন। পরে সংশ্লিষ্টদের উপস্থিতিতে কচ্ছপের বাচ্চাগুলোকে প্লাস্টিকের পাত্রে করে সৈকতের কাছাকাছি নিরাপদ এলাকায় নেওয়া হয়। সেখানে কিছু সময় পর্যবেক্ষণের পর বিকেলের দিকে আন্ধারমানিক নদী সংলগ্ন তিন নদীর মোহনায় অবমুক্ত করা হয়। এসময় স্থানীয় উৎসুক মানুষ, পর্যটক ও পরিবেশকর্মীরা উপস্থিত ছিলেন। উপকূল পরিবেশ রক্ষা আন্দোলন 'উপরা'র আহ্বায়ক কে এম বাচ্চু বলেন, এগুলো মূলত অলিভ রিডলি প্রজাতির সামুদ্রিক কচ্ছপের বাচ্চা। এ প্রজাতির কচ্ছপ সাধারণত গভীর রাতে নির্জন সৈকতে উঠে ডিম পাড়ে। কচ্ছপগুলো ডিম পাড়ার জন্য নিরাপদ ও নরম বালুময় স্থান খুঁজে নেয়। আমরা ঘটনাস্থলে গিয়ে ডিমের খোসা, ছোগলা এবং জীবিত বাচ্চা পেয়েছি। ধারণা করছি, অন্তত ৪০-৬০ দিন আগে এখানে ডিম পেড়েছিল। তিনি আরও বলেন, সামুদ্রিক কচ্ছপ উপকূলীয় পরিবেশের ভারসাম্য রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু প্লাস্টিক দূষণ, অবৈধ জাল, পর্যটকদের অসচেতনতা এবং উপকূল দখলের কারণে এদের অস্তিত্ব হুমকির মুখে পড়েছে। কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কাওছার হামিদ বলেন, এ ধরনের ঘটনা উপকূলীয় জীববৈচিত্র্যের সমৃদ্ধির প্রমাণ বহন করে। প্রশাসনের পক্ষ থেকে পরিবেশ ও বন্যপ্রাণী সংরক্ষণে সবসময় সহযোগিতা করা হচ্ছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে।

## আমতলীতে ধানক্ষেতে মিললো

ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি উদ্ধার করে থানায় নিয়ে আসে। হলদিয়া ইউনিয়ন পরিষদের সদস্য মো. হারুন অর রশিদ খান জানান, মৃত ওই নারীকে এলাকার কোনো মানুষ চিনতে পারেনি। তিনি কীভাবে বা কী উদ্দেশে ওই এলাকায় এসেছিলেন, সে বিষয়েও স্থানীয়রা কেউ কিছু বলতে পারছেন না। আমতলী থানা পুলিশ সূত্রে জানা যায়, প্রাথমিকভাবে মৃত নারীর শরীরে কোনো আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। এ রহস্যজনক মৃত্যুর ঘটনায় আমতলী থানায় একটি অপমৃত্যুর (ইউডি) মামলা দায়ের করা হয়েছে। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মো. হাচনাইন পারভেজ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, 'মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন এলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। নিহত নারীর পরিচয় শনাক্তের জন্য পুলিশের তদন্ত ও চেষ্টা অব্যাহত রয়েছে বলেও জানান তিনি।

## দালালমুক্ত ও হয়রানিমুক্ত

কর্মকর্তা মোঃ হারুন অর রশিদ, উপজেলা ভেটেরিনারি সার্জন মোঃ মাহমুদুল হাসান ফরিদ, গৌরনদী প্রেসক্লাবের সাবেক সভাপতি মোঃ গিয়াস উদ্দিন মিয়া এবং পৌর বিএনপির ভারপ্রাপ্ত সদস্য সচিব শরীফ শফিকুর রহমান স্বপনসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইব্রাহিম বলেন, বর্তমান সরকার ভূমি সেবাকে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে কাজ করছে। ডিজিটাল ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের ভোগান্তি কমানো, স্বচ্ছতা নিশ্চিত করা এবং দ্রুত সেবা প্রদান এখন সময়ের দাবি। "জনবান্ধব অটোমোটেড ভূমি ব্যবস্থাপনা, সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ" প্রতিপাদ্য বাস্তবায়নে ভূমি মেলার মাধ্যমে মানুষ অনলাইনে নামজারি, খতিয়ান, ভূমি উন্নয়ন করসহ বিভিন্ন সেবা সম্পর্কে সরাসরি জানতে পারবে। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ ভূমি মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং সেবাগ্রহীতাদের সাথে মতবিনিময় করেন।

## ঝালকাঠিতে চলন্ত অটোর চাকা বিস্ফোরণে চালকের মৃত্যু

**ঝালকাঠি প্রতিনিধি**

ঝালকাঠি সদর উপজেলায় চলন্ত অটোরিকশার চাকা বিস্ফোরিত হয়ে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেলে চালক মনতোস গাইন (৪৭) নিহত হয়েছেন। মঙ্গলবার (১৯ মে) দুপুরে উপজেলার স্বল্পসেনা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মনতোস গাইন সদর উপজেলার বেরমহল এলাকার বাসিন্দা। তার বাবার নাম মনরঞ্জন গাইন। স্থানীয় সূত্রে জানা যায়, চলন্ত অবস্থায় হঠাৎ অটোর একটি চাকা বিস্ফোরিত হলে চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এতে অটোরিকশাটি সড়কে উল্টে যায় এবং চালক মনতোস গাইন গাড়ির নিচে চাপা পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত বরিশালের উদ্দেশে নিয়ে যাওয়ার সময় পথেই তার মৃত্যু হয়। ঝালকাঠি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইমতিয়াজ আহমেদ জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২০ মে ২০২৬ ॥ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩

## ট্রাম্পের পরই পুতিনের চীন সফর কার হাতে 'তুরুপের তাস'

**কীর্তনখোলা ডেস্ক**

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন মঙ্গলবার (১৯ মে) বেইজিং সফরে যাচ্ছেন। আনুষ্ঠানিকভাবে এই সফরের উদ্দেশ্য হলো চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে ২০০১ সালের 'গুড-নেইবারলিনেস অ্যান্ড ফ্রেন্ডলি কোঅপারেশন' ৩ এর পাতায় দেখুন

## সীমান্তে বিএসএফের গুলির জবাবে বিজিবির পাল্টা ফায়ার

**কীর্তনখোলা ডেস্ক**

সিলেটের গোয়াইনঘাট উপজেলার সোনারহাট সীমান্ত এলাকায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলির জবাবে পাল্টা ফায়ার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। মঙ্গলবার (১৯ মে) বিজিবির পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে ৩ এর পাতায় দেখুন

পুলিশ ম্যাজিস্ট্রেসি কনফারেন্সে উপস্থিত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জাহিদুল আজাদ -কীর্তনখোলা

# প্রভাব খাটিয়ে সরকারি জমি ব্যবসায়ীকে বুঝিয়ে দিলেন ওসি

**বরগুনা প্রতিনিধি**

বরগুনার তালতলীতে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) জমি এক ব্যবসায়ীর দখলে দেওয়ার অভিযোগ উঠেছে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইদুল ইসলামের বিরুদ্ধে। জমি দখলের প্রক্রিয়ায় ওসির সশরীরে উপস্থিত থাকার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ায় এলাকা জুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সোমবার (১৮ মে ) সকালে জমি দখলের প্রক্রিয়ায় ওসির সশরীরে উপস্থিত থাকার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ওই ভিডিওতে দেখা গেছে, 'ওসি সাইদুল ইসলাম থানা পুলিশের একটি টিম নিয়ে ঘটনাস্থলে চেয়ার পেতে বসে আছেন। আর তাঁর উপস্থিতিতেই স্থানীয় বাসিন্দারা জমি পরিমাপ করে সীমানা পিলার স্থাপন করছেন ৩ এর পাতায় দেখুন

# বিশ্বে ৫ জন স্ট্রোকের রোগীর মধ্যে ৪ জনই উচ্চ রক্তচাপে আক্রান্ত

**কীর্তনখোলা ডেস্ক**

বিশ্বে প্রতি ৫ জন স্ট্রোকের রোগীর মধ্যে ৪ জনই উচ্চ রক্তচাপে আক্রান্ত। স্ট্রোকে দেড় কোটি মানুষ আক্রান্ত হলে এক ভাগ মানুষের মৃত্যু, আরেক ভাগ চিকিৎসা নিয়ে সুস্থ হচ্ছেন। অবশিষ্টরা শয্যাশায়ী হয়ে অবর্ণনীয় কষ্টে দিনাতিপাত করছেন। নীরব ঘাতক উচ্চ রক্তচাপের কারণে হৃদরোগ, কিডনি রোগ ও চোখের সমস্যাসহ নানাবিধ জটিল রোগে আক্রান্ত হওয়াসহ মানুষের শরীরের গুরুত্বপূর্ণ অঙ্গ ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস উপলক্ষ্যে আয়োজিত বৈজ্ঞানিক সেমিনারে বিশেষজ্ঞ চিকিৎসকরা এসব তথ্য তুলে ধরেন। সেমিনারে জানানো হয়, উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে না থাকলে বিপুল সংখ্যাক রোগী নানা ধরনের অসুস্থতা নিয়ে ৩ এর পাতায় দেখুন

# বরিশালের পাঁচ এমপি মন্ত্রিসভায় উন্নয়নের নতুন আশায় বিভাগবাসী

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল বিভাগ থেকে পাঁচজন সংসদ সদস্য এবার স্থান পেয়েছেন জাতীয় মন্ত্রিসভায়। তাদের মধ্যে দু'জন পূর্ণ মন্ত্রী এবং তিনজন প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পেয়েছেন। নতুন এ অন্তর্ভুক্তিকে ঘিরে বরিশালে বইছে আশাবাদের হাওয়া। উন্নয়ন কার্যক্রমে গতি আসবে এমন প্রত্যাশা করছেন সাধারণ মানুষ থেকে শুরু করে রাজনৈতিক বিশ্লেষকেরাও। মঙ্গলবার (১৭, ফেব্রুয়ারি) মন্ত্রী পরিষদের সদস্য হিসেবে শপথ নেয়া ৫ জনের মধ্যে রয়েছেন দু'জন পূর্ণ মন্ত্রী এবং তিনজন প্রতিমন্ত্রী। যেখানে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসনের সংসদ সদস্য জহির উদ্দিন স্বপন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী ভোলা-৩ আসনের সংসদ সদস্য ৩ এর পাতায় দেখুন

# কলাপাড়ায় বার মাসই পানিতে ডুবে থাকে বিদ্যালয়ের মাঠ

**কলাপাড়া প্রতিনিধি**

বার মাসই পানিতে ডুবে থাকে বিদ্যালয়ের মাঠ। জলাবদ্ধতায় সাঁতার কাটতে দেখা যায় গৃহপালিত হাঁসসহ অন্যান্য পশু-পাখিকে। বর্ষা মৌসুমে স্কুলের প্রবেশ পথটিও তলিয়ে যায়। খেলাধুলা তো দূরের কথা, আসা-যাওয়া করতে কষ্ট হয় শিক্ষক ও কোমলমতি শিক্ষার্থীদের। এমনই চিত্র কলাপাড়া উপজেলার নীলগঞ্জ ইউনিয়নের নবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের। মাঠের অভাবে খেলাধুলা থেকে বঞ্চিত হয়ে মানসিক বিকাশে বাধাঁর সম্মুখিন হচ্ছে শিক্ষার্থীরা। অথচ সামান্য কিছু অর্থ এবং কর্তৃপক্ষের সদিচ্ছা হলে খুব সহজেই এই সমস্যার পরিত্রাণ সম্ভব বলে মনে করছেন ৩ এর পাতায় দেখুন

# চরফ্যাশনে ৩ দিনব্যাপী 'ভূমিসেবা মেলার' উদ্বোধন

**চরফ্যাশন প্রতিনিধি**

সারাদেশের মতো ভোলার চরফ্যাশনেও ৩ দিনব্যাপী 'ভূমিসেবা মেলা ২০২৬' উদ্বোধন করছে চরফ্যাশন উপজেলায় ভুমি অফিস। জনবান্ধব ও প্রযুক্তিনির্ভর ভূমি ব্যবস্থাপনা গড়ে তুলতে ১৯ মে থেকে ২১ মে পর্যন্ত। চরফ্যাশন উপজেলা সহকারি কমিশনার (ভুমি) এমাদুল হোসেন'র সভাপতিত্বে চরফ্যাশর উপজেলায় এই মেলার প্রধান অতিথি হিসেবে মেলাটি উদ্বোধন করেন চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ। এ বছরের মেলার প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, 'জনবান্ধব অটোমেটেড ভূমি ৩ এর পাতায় দেখুন

## কলেজের অধ্যক্ষের ঘুষিতে ভাঙল কম্পিউটার অপারেটরের দাঁত

**নলছিটি প্রতিনিধি**

ঝালকাঠির নলছিটিতে একটি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে প্রতিষ্ঠানের এক কম্পিউটার অপারেটরকে মারধরের অভিযোগ উঠেছে। এ ঘটনায় আহত কর্মচারীর দুটি দাঁত ক্ষতিগ্রস্ত হয়েছে বলে দাবি করা হয়েছে। সোমবার (১৮ মে) সকালে উপজেলার কাঠিপাড়া এলাকার প্যালেস্টাইন টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে এ ঘটনা ঘটে। আহত কম্পিউটার অপারেটর মো. ওয়াহিদুজ্জামান জানান, গত বছরের কোরবানির ঈদের পর কলেজের অধ্যক্ষ মো. হাফিজুর রহমান তাঁর কাছ থেকে ২০ হাজার টাকা ধার নেন। পরে কয়েক মাস ঘোরানোর পর সম্প্রতি সেই টাকা পরিশোধ করেন। বিষয়টি প্রতিষ্ঠানের অন্য ৩ এর পাতায় দেখুন

# চরফ্যাশনের পিআইও ওয়ালিউল কারাগারে

**চরফ্যাশন প্রতিনিধি**

ভোলা চরফ্যাশন উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মো. ওয়ালিউল ইসলাম ওরফে জি এম ওয়ালিউল ইসলাম এখন জেল হাজতে। তিনি বরগুনা সদর উপজেলায় থাকাকালীন তার

বিরুদ্ধে সরকারি অর্থ আত্মসাৎ ও প্রকল্পে অনিয়মের অভিযোগে মামলা দায়ের করা হয়। ওই মামলায় গত বৃহস্পতিবার হাজিরা দিতে গেলে আদালত তার জামিন নামঞ্জুর করেন। তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (দুদক) এর চার্জশিট দাখিল করেছে। দুদকের সমন্বিত জেলা কার্যালয়, পটুয়াখালী সূত্রে জানা গেছে, গত বছরের ৮ জুলাই ওয়ালিউল ইসলামের বিরুদ্ধে বরগুনার বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালতে মামলার চার্জশিট (নং-০৩) দাখিল করা হয়। জানা যায়, ২০২০-২০২১ অর্থবছরে বরগুনা সদর উপজেলার কেওড়াবুনিয়া ইউনিয়নের গ্রামীণ অবকাঠামো সংস্কার (মাটির কাজ) ৩ এর পাতায় দেখুন

## গৌরনদীতে ভূমি মেলার উদ্বোধন দালালমুক্ত ও হয়রানিমুক্ত ভূমি সেবার অঙ্গীকার

**গৌরনদী প্রতিনিধি**

জনবান্ধব অটোমোটেড ভূমি ব্যবস্থাপনা, সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ভূমি সেবা সপ্তাহ ২০২৬ উপলক্ষে মঙ্গলবার সকাল ১০টায় উপজেলা প্রশাসন ও গৌরনদী উপজেলা ভূমি অফিসের উদ্যোগে র‍্যালি, আলোচনা সভা ও ভূমি মেলা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্ধোধন করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার মোঃ ইব্রাহীম। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ মেহেদী হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইব্রাহিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি ও বিআরডিবির সাবেক চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির, পৌর নির্বাহী ৩ এর পাতায় দেখুন



# আমতলীতে ধানক্ষেতে মিললো অজ্ঞাত নারীর লাশ

**আমতলী প্রতিনিধি**

বরগুনার আমতলীতে ধানক্ষেত থেকে অজ্ঞাত এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার, ১৯ মে দুপুরে উপজেলার হলদিয়া ইউনিয়নের পশ্চিম চিলা গ্রামের একটি ধানক্ষেত থেকে এ মরদেহ উদ্ধার করা হয়। বিকেলে ময়নাতদন্তের জন্য মরদেহটি বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, দুপুরে পশ্চিম চিলা গ্রামের বাসিন্দা মুকুন্দ বাইনের ধানক্ষেতে আনুমানিক ৫৫ বছর বয়সী এক নারীর মরদেহ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। বিষয়টি তাৎক্ষণিকভাবে আমতলী থানা পুলিশকে জানানো হলে পুলিশ দ্রুত ৩ এর পাতায় দেখুন

## নেছারাবাদে পরিত্যক্ত ঘরের পাশে তান্ত্রিকের মরদেহ

**নেছারাবাদ প্রতিনিধি**

পিরোজপুরের নেছারাবাদ (স্বরূপকাঠি) উপজেলায় নিখোঁজ হওয়ার একদিন পরে পরিত্যক্ত বাড়ির থেকে এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (১৯ মে) সকালে উপজেলার স্বরূপকাঠি সদর ইউনিয়নের পানাউল্লাহপুর গ্রামের শিক্ষক মো. শাহ আলমের পরিত্যক্ত ঘরের পাশ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত ব্যক্তির নাম নির্মল হালদার ওরফে নির্মল ওঝা (৬০)। তিনি উপজেলার আটঘর-কুড়িয়ানা ইউনিয়নের পশ্চিম কুড়িয়ানা গ্রামের বিপেন হালদারের ছেলে। নেছারাবাদ (স্বরূপকাঠি) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান বিষয়টি নিশ্চিত করেন। নির্মল হালদারের ভাগিনা দিলীপ হালদার জানান, সোমবার রাত আনুমানিক ১১টার দিকে জানতে পারেন তার মামা নিখোঁজ হয়েছেন। পরে বিভিন্ন স্থানে খোঁজাখুঁজির পর তাকে না পেয়ে ৩ এর পাতায় দেখুন

## ভোলায় কনস্টেবল পদে ১২০ টাকায় চাকরি পেলেন ৩৩ তরুণ

**ভোলা প্রতিনিধি**

১২০ টাকায় পুলিশে চাকরি পেয়েছেন ভোলার ৩৩ জন তরুণ শিক্ষার্থী। সবাইট্রেইনি রিক্রুটপুরুষকনস্টেবল পদে নিয়োগ পান। সোমবার (১৮ মে) সন্ধ্যায় ভোলা পুলিশ লাইনস মিলনায়তনে নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফল ঘোষণা করেন ভোলা পুলিশ সুপার শহিদুল্লাহ কাউসার। জেলা পুলিশ জানায়, এবারের নিয়োগ প্রক্রিয়ায় ১ হাজার ৫৩৮ জন অংশ নেন। কয়েকটি ধাপে পরীক্ষায় অংশ নিয়ে ৪২ জন লিখিতভাবে উত্তীর্ণ হয়। তাদের মধ্যে থেকে লিখিত পরীক্ষার ফলাফল ঘোষণার পরপরই উত্তীর্ণ পরীক্ষার্থীদের মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৩ এর পাতায় দেখুন

## এক রাতে দুই কৃষকের ১৪ গরু চুরি

**গলাচিপা প্রতিনিধি**

পটুয়াখালীর গলাচিপায় এক রাতে দুই কৃষকের ১৪টি গরু চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় এলাকায় চুরির আতঙ্ক ছড়িয়ে পড়েছে। কৃষকরা তাদের গবাদিপশুর নিরাপত্তা নিয়ে চরম উদ্বেগের মধ্যে রয়েছেন। সোমবার (১৮ মে) দিবাগত গভীর রাতে উপজেলার চিকনিকান্দি ইউনিয়নের কোটখালী গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, কোটখালী গ্রামের ৫ নম্বর ওয়ার্ডের আব্দুল লতিফ হাওলাদারের ছেলে মোজাম্মেল হাওলাদার দীর্ঘদিন ধরে গরু লালন-পালন করে জীবিকা নির্বাহ করে আসছিলেন। তার গোয়ালে থাকা ৮টি গরুর মধ্যে সোমবার গভীর রাতে ৫টি গরু চুরি হয়। সকালে ঘুম থেকে উঠে গোয়ালঘর ফাঁকা দেখে তিনি হতবাক হয়ে পড়েন। ৩ এর পাতায় দেখুন

# ভিটেমাটি গিলে খাচ্ছে সন্ধ্যা নদী

**বাবুগঞ্জ প্রতিনিধি**

পঞ্চাশোর্ধ্ব নারী নুরজাহান বেগম। তিনি অপলক দৃষ্টিতে তাকিয়ে থাকেন সন্ধ্যা নদীর মাঝ বরাবর। বিকেলের শেষ আলো নদীর ঢেউয়ে ওপর পড়ে ঝলমল করে ওঠে, সেই ঢেউয়ের দিকেই আনমনে চেয়ে থাকেন তিনি। যেন নদীর বুকেই খুঁজে ফেরেন হারিয়ে যাওয়া জীবনের স্মৃতি। এক সময় যে নদী তাদের জীবিকা ৩ এর পাতায় দেখুন

# ইউপি সদস্যের বিরুদ্ধে বয়স্ক ভাতার টাকা আত্মসাতের অভিযোগ

**গৌরনদী প্রতিনিধি**

সরকারি সহায়তার টাকা পাঠানোর ফরমে ভাতাভোগীর মোবাইল নম্বরের পরিবর্তে নিজের ছেলের নম্বর দিয়ে বয়স্ক ভাতার টাকা

উত্তোলন ও আত্মসাতের অভিযোগ উঠেছে এক ইউপি সদস্যের বিরুদ্ধে। এই জালিয়াতির ঘটনা জানাজানি হওয়ার পর ভুক্তভোগী পরিবারসহ স্থানীয় বাসিন্দাদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। বরিশালের গৌরনদী উপজেলার মাহিলাড়া ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের হাপানিয়া গ্রামে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী ও হাপানিয়া গ্রামের বাসিন্দা লিয়াকত আলী খান অভিযোগ করে বলেন, ৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য সোলায়মান মৃধা আমার নামে বয়স্ক ভাতা করে দেওয়ার ৩ এর পাতায় দেখুন

নগরীর জসিম সিকদার বাবু হত্যার বিচারের দাবিতে আদালতের সামনে বিক্ষোভ -কীর্তনখোলা

## কুয়াকাটা সৈকতে ১৬৩ কচ্ছপের বাচ্চা উদ্ধার

**কুয়াকাট প্রতিনিধি**

পটুয়াখালীর কুয়াকাটার সৈকতের লেম্বুরবন বনাঞ্চল সংলগ্ন বালিয়াড়ি এলাকায় ১৬৩ সামুদ্রিক কচ্ছপের বাচ্চা উদ্ধার করা হয়েছে। বালিয়াড়ি এলাকায় একটি পরিত্যক্ত দোকানের নিচ থেকে বাচ্চাগুলো উদ্ধার করা হয়। মঙ্গলবার (১৯ মে) দুপুরে ঘটনাটি জানাজানি হলে স্থানীয়দের মধ্যে ব্যাপক কৌতূহলের সৃষ্টি হয়। পরে বনবিভাগ, উপজেলা প্রশাসন ও পরিবেশবাদী সংগঠনের সদস্যদের উপস্থিতিতে বাচ্চাগুলোকে নিরাপদে আন্ধারমানিক নদী সংলগ্ন তিন নদীর ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com